ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অভিনয়ে ফিরছেন বলিউড স্টার প্রীতি জিনতা

পৃঃ ৫



পিএসজির সামনে লিগ শিরোপার হাতছানি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১১৭ ● কলকাতা ● ১৭ বৈশাখ, ১৪৩১ ● মঙ্গলবার ● ৩০ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ৫,৪০০ জনকে বাঁচানোর জন্য ২০ হাজার লোককে বলি দিয়েছেন মমতা:শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুদিন আগেই বাপ-ব্যাটা বলে আক্রমণ শানিয়েছিলেন মমতা । এবার পাল্টা মা-ব্যাটা বলে ফিরিয়ে দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ।নন্দকুমারে তমলুক লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সমর্থন জনসভা থেকে মমতা বন্দ্যোপাধ্যায়কে তীব্র আক্রমণ বিরোধী দলনেতার ।নিয়োগ দুর্নীতির সূত্র ধরে কটাক্ষ করে শুভেন্দু বলেন, ' এস এস সি তো ঝাঁকি হ্যায়। পি এস সি, মিউনিসিপালিটি, ফায়ার ব্রিগেড বাকি হ্যায়। সবে তো বারোটা বাজে। এখনও সন্ধ্যায় হয়নি। এরপর এই পিসি আর ভাইপোকে কী করি দেখতে থাকুন'।

এরপরই মমতা-অভিষেককে মা-ব্যাটা বলে আক্রমণ করেন শুভেন্দু। বলেন, 'আলালের ঘরের দুলালকে জেলে ঢোকাব বলছে, বাপ ব্যাটা ছিল না নন্দীগ্রামে। আরে মা - ব্যাটা কোথায় ছিলেন আপনি? ২০০১ এর পর আপনার ঝাঁপ বন্ধ করে দিয়েছিলেন বুদ্ধবাবু। দিদি থেকে দিদিমা হয়ে যেতেন কোনও দিন মুখ্যমন্ত্রী হতে পারতেন না। যদি মেদিনীপুর না থাকত। একবার হারিয়েছি ফের হারাব। তোমার আলালের দুলালকে জেলে ঢোকাব। আমি যা বলি ভেবে বলি, আর যেটা বলি করে দেখাই' ।নিয়োগ দুর্নীতি ইস্যু তুলে শুভেন্দু বলেন, ৫,৪০০ জনকে বাঁচানোর জন্য ২০ হাজার লোককে বলি দিয়েছেন মমতা।

ভরা সভায় দাঁড়িয়ে শুভেন্দু বলেন, 'এত জ্বালা কেন জানেন? হাইকোর্ট বলেছিল, যোগ্য কারা অযোগ্য কারা তালিকা দেও।৫,৪০০ অযোগ্য প্রার্থীদের বাঁচানোর জন্য ১৮ -

এরপর ৩ পাতায়

### সুপ্রিম কোর্টের প্রশ্নের মুখে পড়ে এসএসসি কর্তৃপক্ষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এসএসসি নিয়োগ দুর্নীতিকাণ্ডে চাকরিহারাদের ভাগ্য ঝুলেই রইল সুপ্রিম কোর্টে। তবে সুপ্রিম নির্দেশে সাময়িক স্বস্তি মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্ত্রিসভায়। প্রধান বিচারপতির নেতৃত্বাধীন তিন সদস্যের বেঞ্চ গোটা বিষয়টিকে সম্পূর্ণ জালিয়াতি বলেই মনে করছে।এসএসসি নিয়োগ দুর্নীতিতে চাকরি গিয়েছে বাংলার ২৫ হাজার ৭৫৩ জনের। কলকাতা হাইকোর্টের রায়ে মুহূর্তের মধ্যে হাজার হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মী চাকরিহারা হয়েছেন। সোমবার সেই মামলার শুনানি ছিল দেশের সর্বোচ্চ আদালতে। কিন্তু সেখানেই এসএসসির চাকরিহারাদের কোনও সুরাহা হল না।শুনানিতে প্রশ্ন তোলা হল, কীভাবে এবং কেন তৈরি করা হল সুপার নিউমেরারি পোস্ট বা অতিরিক্ত শূন্যপদ। এ দিনের নির্দেশে সুপ্রিম কোর্ট সুপার নিউমেরিক পোস্ট তৈরি নিয়ে মন্ত্রিসভার সদস্যের বিরুদ্ধে সিবিআই তদন্তে স্থগিতাদেশ দিয়েছে। তবে,

এরপর ৩ পাতায়

### বিক্ষোভের মুখে পড়েন তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সকালে প্রচার সেরে ফিরছিলেন সৌগত রায়। হঠাৎ পানিহাটির শ্যামশ্রী পল্লীতে গাড়ি পৌঁছতেই ঘিরে ধরলেন মহিলারা। কাঠফাটা রোদে এতজন মহিলাকে এভাবে বিক্ষোভ দেখাতে দেখে গাড়ি থেকে নেমে পড়েন সৌগত রায়। তাঁকে দেখে এগিয়ে আসেন মহিলারা। রীতিমতো ক্ষোভ প্রকাশ করতে থাকেন তাঁরা। তাপমাত্রার পারদ যখন ৪০ ডিগ্রি পার করে ফেলেছে, সেই পরিস্থিতির মধ্যেই নাকি ৬ দিন জল ছাড়া কাটাতে হচ্ছে ওই এলাকার মানুষজনকে।সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে দাঁড়িয়েই পুরসভায় ফোন করেন সৌগত। ফোন করে আধিকারিকদের দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন তিনি। সৌগত রায়ের আশ্বাস পাওয়ার পর বাসিন্দারা অবরোধ তুলে নেন। তাঁদের অভিযোগ, বর্ষা হলেই পানিহাটিতে জমে জল, আর গরম পড়লে জল পাওয়া যায় না। স্থায়ী সমাধান কীভাবে হবে, সেই প্রশ্নই তুলছেন তাঁরা।

সৌগত রায় বলেন, "প্রচার সেরে ফেরার সময় দেখলাম পথ অবরোধ হয়েছে। ৬ দিন ধরে জল নেই শুনলাম। আমি সঙ্গে সঙ্গে পুরসভা আর কেএমডিএ-র সঙ্গে কথা বলেছি। কাউন্সিলররা এসেছিলেন। সবাই বোঝানের পর ওরা বিক্ষোভ তুলে নিয়েছে।"

এ কথা জানিয়েই সোমবার সকালে বিক্ষোভ দেখান ওই মহিলারা।

এরপর ৩ পাতায়

### সন্দেশখালি থেকে উদ্ধার হওয়া অস্ত্রের পরিমাণ আরও বাড়তে পারে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ত্র এবং বিস্ফোরক ভর্তি একটি ব্যাগ নিয়ে গিয়েছে এনএসজি। সেই ব্যাগে কী আছে, সে সম্পর্কে সিবিআইকে রিপোর্ট দেবে তারা। সোমবার বসিরহাট আদালতে এমনটাই জানিয়েছে কেন্দ্রীয় সংস্থা। ফলে সন্দেশখালি থেকে উদ্ধার হওয়া অস্ত্রের পরিমাণ আরও বাড়তে পারে। শাহজাহানের ডেরা থেকে বিদেশি অস্ত্রও পেয়েছিল সিবিআই। তাদের অনুমান, সন্দেশখালিতে জমি জবরদখল করে শাহজাহান এবং তাঁর অনুগামীরা যে টাকা পেয়েছেন, তা নিয়েই অস্ত্র কেনা হত। অস্ত্রের কারবারের সঙ্গে সেই টাকার যোগ রয়েছে। শাহজাহানের বিরুদ্ধে অস্ত্র আইন যোগ করার পরিকল্পনা রয়েছে কেন্দ্রীয় সংস্থার। অন্য দিকে, সোমবার ইডি শাহজাহান এবং তাঁর ভাই তথা সন্দেশখালি মামলায় ধৃত আলমগিরকে কলকাতার

এরপর ৩ পাতায়









# ভোটের মাঝে ফের বিপাকে তৃণমূল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটের মাঝে ফের বিপাকে তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়। আদালত অবমাননার অভিযোগ তুলে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে পদক্ষেপের আর্জি জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ আইনজীবী তথা বিজেপি নেতা কৌস্তভ বাগচী। তবে আদালত সূত্রে খবর, এদিন আইনজীবীর আর্জিতে সাড়া দেয়নি কলকাতা হাইকোর্ট। ইতিমধ্যেই মুখ্যমন্ত্রীর করা মন্তব্যের মামলায় বিশেষ বেঞ্চ গঠনের সিদ্ধান্ত নিয়েছে কলকাতা হাইকোর্টের প্রদান বিচারপতি। একইভাবে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে পদক্ষেপের আর্জি জানিয়ে প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেন কৌস্তভ বাগচী। তবে এই বিষয়ে আদালত সেভাবে সাড়া দেয়নি বলেই জানা গিয়েছে।

প্রধান বিচারপতির বক্তব্য, এই বিষয়ে আগেই তিনি মমতা বন্দ্যোপাধ্যায়ের আদালত অবমাননা সংক্রান্ত মামলা গ্রহণ করেছেন। আইনজীবী চাইলে সেই মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিষয়টি যুক্ত করতে আবেদন জানাতে পারেন। পৃথক ভাবে এই বিষয়ে কোনও মামলা গ্রহণ করা হবে না বলেই জানিয়েছে কলকাতা হাইকোর্ট।প্রসঙ্গত গত সপ্তাহে এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় ২৫৭৫৩ জনের চাকরি বাতিল করে কলকাতা হাইকোর্ট। ২০১৬ সালের স্কুলে সার্ভিস কমিশনের গোটা প্যানেল বাতিল করেন বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ। হাইকোর্টের এই রায়ের পরই ক্ষোভে ফুঁসে ওঠেন মমতা বন্দ্যোপাধ্যায়। বিচারপ্রক্রিয়া থেকে নাম না করে বিচারপতিদের ভূমিকা নিয়েও একাধিক প্রশ্ন তোলেন। আদালতের রায় বেআইনি বলে দাবি করেছেন মমতা।

বিচারব্যবস্থার প্রতি মুখ্যমন্ত্রীর এহেন মন্তব্যের জেরে তার বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগ তুলে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চে স্বতঃপ্রণোদিত মামলা দায়েরের আবেদন জানিয়েছিলেন আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য। এছাড়াও আলাদা করে আবেদন করেছিলেন অনিন্দ্য সুন্দর দাস এবং কৌস্তভ বাগচী। এই তিনটি আবেদনের ভিত্তিতে মমতার বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে স্বতঃপ্রণোদিত মামলা গ্রহণ করে কলকাতা হাইকোর্ট।

## সরকারি কর্মীর বাড়িতে

# রহস্যজনক অগ্নিকান্ড

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বালুরঘাট: নিউজ সারাদিন : সরকারি কর্মীর বাড়িতে রহস্যজনক অগ্নিকান্ড। সোমবার সাতসকালে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে বালুরঘাট শহরের ১৪ নম্বর ওয়ার্ডের চকভৃগু শিমুলতলা এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায় এলাকার বাসিন্দা পেশায় সরকারী কর্মী বাপ্পাদিত্য মুন্সি, যিনি আইসিডিএস অফিসের একাউন্টেন্ট পদে রয়েছেন, তার বাড়িতেই এদিন সকালে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনাটি ঘটে। তবে কি কারণে আগুন লেগেছে তা নিয়ে সন্ধিহান অনেকেই। এদিকে সাতসকালে এমন ঘটনার খবর পেতেই তড়িঘড়ি এলাকায় ছুটে আসে দমকলের দুটি ইঞ্জিন। আগুন নেভাতে হাত লাগায় স্থানীয় বাসিন্দারাও। অবশেষে দীর্ঘ কয়েকঘন্টার প্রচেষ্টায় ও দমকলের দুটি ইঞ্জিনের তৎপরতায় নিয়ন্ত্রণে আসে আগুন। তবে এই ঘটনার জেরে বাড়ি মালিকের একটি চারচাকা ও মোটরবাইক সহ বেশকিছু জিনিস পুড়ে ছাই হয়ে গিয়েছে। বাড়ি মালিকের অবশ্য দাবি এই অগ্নিকান্ডে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় কয়েক লক্ষ টাকা। বাড়ি মালিক শিলাদিত্য মুন্সি জানান, ইলেকট্রিকের একটি সুইচ থেকে আচমকা আগুন বেরিয়ে দাউদাউ করে জ্বলতে থাকে। মুহুর্তেই তা ভয়ঙ্কর আকার নেয়। গাড়ি ও মোটরবাইক সহ বেশকিছু জিনিস পুড়ে নষ্ট হয়ে গিয়েছে। এলাকার তৃণমূল কাউন্সিলর অনজ সরকার জানান, প্রাথমিক ভাবে মনে হয়েছে শট সার্কিট থেকেই এই আগুন লেগেছে। দীর্ঘ এক ঘণ্টার পরে দমকল ও স্থানীয়দের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আসে।

## দেবাশিসের মনোনয়ন বাতিল নিয়ে

# এবার সুপ্রিম কোর্ট কী রায় দেয় সেদিকেই নজর সকলের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চব্বিশের লোকসভা নির্বাচনের আগে রাজনীতির ময়দানে পা রেখেছেন দেবাশিস ধর । চাকরি ছেড়ে ভোটে দাঁড়িয়েছিলেন তিনি। বীরভূম কেন্দ্র থেকে তাঁকে টিকিট দিয়েছিল বিজেপি। গত সপ্তাহে মনোনয়নও জমা দেন, তবে তা বাতিল হয়ে যায়। এবার এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন এই প্রাক্তন আইপিএস। এদিকে বীরভূমের পদ্ম প্রার্থীর মনোনয়ন বাতিল হওয়ার পর বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় আবার আগেই সুপ্রিম কোর্টে যাওয়ার ইঙ্গিত দিয়েছিলেন। তিনি বলেছিলেন, 'আমাদের সব আসনেই প্রার্থী হলেন নরেন্দ্র মোদী। তবে আমরা আদালতের দ্বারস্থ হব। রিটার্নিং অফিসারের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানাব'।

এরপরেই সপ্তাহের শুরুতে জানা গেল, শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছেন দেবাশিস। বিজেপি নেতার আইনজীবী বলেন, লোকসভা নির্বাচন যেহেতু আসন্ন তাই এই মামলার যাতে দ্রুত শুনানি হয় তার আবেদন জানিয়েছেন তাঁরা।বীরভূমে হেভিওয়েট তৃণমূল প্রার্থী শতাব্দী রায়ের বিপরীতে দেবাশিসকে দাঁড় করিয়েছিল বিজেপি । জোরকদমে প্রচারও শুরু করে দিয়েছিলেন তিনি। তবে গত ২৫ এপ্রিল জানা যায়, বিজেপির হতে বীরভূম থেকে মনোনয়ন জমা দিয়েছেন দলের আর এক নেতা দেবতনু ভট্টাচার্য। একই কেন্দ্রে একই দলের দুই প্রার্থী কেন মনোনয়ন জমা দিলেন তা নিয়ে শুরু হয়ে যায় চর্চা। এরপরের দিন সামনে আসে আসল খবর।

কমিশনের তরফ থেকে জানানো হয়, 'নো ডিউ সার্টিফিকেট' না দেওয়ার কারণে দেবাশিসের প্রার্থীপদ বাতিল করা হয়েছে। বীরভূমের প্রার্থী মনোনয়ন বাতিল হওয়ার জন্য তৃণমূলকে দায়ী করে বিজেপি। অভিযোগ করা হয়, চাকরি থেকে ইস্তফা দেওয়ার পর প্রাক্তন আইপিএস প্রসূন বন্দ্যোপাধ্যায়কে ছাড়পত্র দেওয়া হলেও দেবাশিসকে দেওয়া হয়নি।

এদিকে দেবাশিসের মনোনয়ন বাতিল হয়ে যাওয়ায় বিজেপির তরফ থেকে 'বিকল্প' প্রার্থী হিসেবে এই কেন্দ্রে দাঁড় করানো হয়েছে দেবতনু ভট্টাচার্যকে। তিনি জানিয়েছেন, দলীয় নেতৃত্বের কথাতেই মনোনয়ন জমা দিয়েছেন তিনি। দেবাশিসের মনোনয়ন বাতিল নিয়ে এবার সুপ্রিম কোর্ট কী রায় দেয় সেদিকেই নজর সকলের।

## ভয়েস ক্লিপিং-এর সঙ্গে হুবহু মিলে গিয়েছে

# সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ তৃণমূল নেতা সন্ত বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ভিত্তিতেই প্রাথমিকে নিয়োগ দুর্নীতি কান্ডে সুজয়কৃষ্ণ ভদ্র, অয়ন শীল ও শান্তনু বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদ চালাচ্ছে সিবিআই। এই জিজ্ঞাসাবাদেই উঠে এসেছে নয়া তথ্য। উল্লেখ্য, প্রসঙ্গত, ২০২৩ সালের ৩০ মে ১১ ঘণ্টা জেরার পর প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায় সুজয়কৃষ্ণকে গ্রেফতার করে ইডি। তারপর থেকে জেলে কম, হাসপাতালেই বেশি থেকেছেন কালীঘাটের কাকু। আগেই বাইপাস সার্জারি হয়েছে কাকুর। বুকে পেসমেকার বসানো আছে। এছাড়াও আরও একাধিক শারীরিক সমস্যা রয়েছে বলে আদালতে জানিয়েছেন তার আইনজীবী। অসুস্থতার অজুহাতে কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা বারবার পিছিয়ে যায়। শেষপর্যন্ত এ বছরের ৩ জানুয়ারি জোকা ইএসআই হাসপাতালে কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা হয়। সেই নমুনা পাঠানো হয় কেন্দ্রীয় ফরেন্সিক ল্যাবরেটরিতে।ইডি জানিয়েছে, ফরেন্সিক রিপোর্টে মোবাইল ফোন থেকে সংগৃহীত ভয়েস ক্লিপিং-এর সঙ্গে হুবহু মিলে গিয়েছে সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বর।। আর তারপর থেকে বিপদ বেড়েছে নিয়োগ দুর্নীতি মামালায় ধৃত সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকুর।


সোমবার সকালে সুজয়কৃষ্ণকে জিজ্ঞাসাবাদ করতে প্রেসিডেন্সি জেলে পৌঁছে যায় সিবিআইয়ের টিম। প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলার সূত্রেই তাকে এদিন ফের জেরা করা হবে বলে জানিয়েছে সিবিআই। এর আগে শনিবার 'কাকু'র পাশাপাশি নিয়োগ দুর্নীতিতে ধৃত প্রোমোটার অয়ন শীল এবং শান্তনু বন্দ্যোপাধ্যায়কেও কেন্দ্রীয় এজেন্সি জেরা করে।সিবিআই সূত্রে খবর, আগেই জেরায় অয়ন শীল জানিয়ে ছিল, কুন্তল ঘোষের নির্দেশেই পার্থ ঘনিষ্ঠ সন্তু বন্দ্যোপাধ্যায়কে ২৬ কোটি টাকা দিয়েছিলেন তিনি। এই বিপুল পরিমান এই টাকা কোথায় গেল সেই বিষয়েই শনিবার জিজ্ঞাসাবাদ করা হয়েছিল বলে জানা যায়।

## লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্বের জন্য

# বিজ্ঞপ্তি জারি করেছে নির্বাচন কমিশন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচন কমিশন আজ সাধারণ নির্বাচনের ষষ্ঠ পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। এই পর্বে পশ্চিমবঙ্গ সহ সাতটি রাজ্যে ভোটগ্রহণ হবে ২৫ মে, ২০২৪। ঐদিন ৫৭টি লোকসভা কেন্দ্রে ভোট নেওয়া হবে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের আটটি। পশ্চিমবঙ্গ ছাড়াও সেদিন ভোট

এরপর ৩ পাতায়







## কলকাতার নগর দায়রা আদালতে

# পেশ করেছিল কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জেলেই থাকতে হবে শেখ শাহজাহানকে। সোমবার সন্দেশখালি মামলার মূল অভিযুক্তকে কলকাতার নগর দায়রা আদালতে পেশ করেছিল কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ইডি। আদালত তাঁকে ১৩ মে পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।এদিকে সন্দেশখালির অস্ত্রভাণ্ডার এবং জমি দখলের টাকার ইস্যুতে বিস্ফোরক দাবি করেছে ইডি।সোমবার আদালতে শাহজাহান ছাড়াও তোলা হয়েছিল তাঁর ভাই আলমগির, অনুগামী দিদার বক্স মোল্লা এবং শিবপ্রসাদ হাজরাকে। প্রত্যেকের জন্যই ১৪ দিনের জেল হেফাজত চাওয়া হয়। এদিন অবশ্য জামিনের আবেদন করেননি সন্দেশখালির 'মুকুটহীন বাদশা'।

গত শুক্রবার বাংলায় যখন ভোট চলছে সেই সময়ই সন্দেশখালিতে বিপুল অস্ত্রভাণ্ডারের হদিশ পাওয়া গেছে। আসলে সন্দেশখালিতে তৃণমূল পঞ্চায়েত সদস্যের আত্মীয়ের বাড়ির মেঝে খুঁড়ে বিপুল অস্ত্রের হদিশ মেলে। তল্লাশি চালিয়ে একাধিক আগ্নেয়াস্ত্র এবং প্রচুর পরিমাণ বোমা উদ্ধার করেন তদন্তকারীরা। দেশি-বিদেশি অস্ত্রের সঙ্গে শাহজাহানের একাধিক পরিচয়পত্র উদ্ধার হয়েছে। সিবিআই-এনএসজি-র অভিযানে বিপুল অস্ত্র উদ্ধারের পর ইতিমধ্যেই প্রশ্ন উঠেছে শাহজাহানের সঙ্গে কি আন্তর্জাতিক অস্ত্রপাচার চক্রের যোগ ছিল?কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার বক্তব্য, সন্দেশখালির জমি দখলের বেআইনি টাকা রাজ্যের একাধিক মন্ত্রীর কাছে গেছে! অন্তত ২-৩ জন মন্ত্রী এর সঙ্গে জড়িত বলে দাবি করেছে ইডি। এই বেআইনি টাকার একটা অংশ দিয়েই অস্ত্রভাণ্ডার তৈরি হচ্ছিল বলে মনে করছে গোয়েন্দা সংস্থা। তাঁদের অনুমান, সন্দেশখালিতে উদ্ধার হওয়া বিপুল অস্ত্রের সঙ্গেও এই টাকার সংযোগ আছে।

শাহজাহানের বিরুদ্ধে ইডির অভিযোগ এখানেই শেষ নয়। আদালতে তাঁরা এও দাবি করেছে, টেন্ডার নিয়ে বেনিয়ম করে পঞ্চায়েত থেকে শুরু করে ফেরি সহ বিভিন্ন সরকারি টেন্ডার অবৈধভাবে নিজের অনুগামীদের টেন্ডার পাইয়ে দিয়েছেন তিনি। এই অভিযোগ করেই শাহজাহান সহ বাকি ধৃতদের জামিনের বিরোধিতা করেছে ইডি।

## ফের দক্ষিণ গাজার শহর রাফায়

# 'অগ্নিবর্ষণ' করল ইজরায়েল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের দক্ষিণ গাজার শহর রাফায় 'অগ্নিবর্ষণ' করল ইজরায়েল! এই হামলায় প্রাণ হারিয়েছেন অন্তত ১৩ জন। সোমবার এমনটাই জানিয়েছে গাজার স্বাস্থ্যমন্ত্রক। তবে

এরপর ৩ পাতায়

## অস্থায়ী দোকানগুলিতে
## রাতভর আড্ডা দেয় অপরাধীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাত বাড়লেই খরব আসছে চুরি, ছিনতাই, রাহাজানির। এনিয়ে ব্যতিব্যস্ত ঢাকা পুলিস। বিষয়টি নিয়ে সরব বিভিন্ন মহল। ফলে বিষয়টি নিয়ে যথেষ্টই চাপে পুলিস। এরকম এক পরিস্থিতিতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার হাবিবুর রহমান রাস্তার ধারের ছোট দোকান ও চায়ের দেকানগুলির উপর নজরদারি বাড়াতে নির্দেশ দিয়েছেন।ঢাকা পুলিসের কমিশনার আরও বলেন, কোনো দুষ্কৃতী গোষ্ঠী যাতে কোনও প্রকার দুস্কর্ম করতে না পারে, সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। আতঙ্ক সৃষ্টিকারী কোনও কাজ যেন ঢাকা মহানগর এলাকায় না হয়, সেদিকেও সবার সজাগ দৃষ্টি রাখতে হবে। এ ধরনের অপরাধচক্রের বিরুদ্ধে কঠোর থাকতে হবে। ট্রাফিক নিয়ন্ত্রণ ট্রাফিক বিভাগের একার কাজ বলে মনে করল চলবে না। ক্রাইম বিভাগের যাদের সামনে রাস্তায় যান চলাচলে প্রতিবন্ধকতা দেখা যাবে, তিনি সেখানে কাজ করবেন।রবিবার ঢাকার রাজারবাগে বাংলাদেশ পুলিস অডিটোরিয়ামে মাসিক অপরাধ পর্যালোচান বৈঠক বসে। সেখানেই হাবিবুর রহমান সংবাদমাধ্যমে বলেন, অনেকসময় দেখা যায় রাস্তার ধারের অস্থায়ী দোকানগুলিতে রাতভর আড্ডা দেয় অপরাধীরা। আর সুযোগ পেলেই চুরি ছিনতাই করে। ফলে রাস্তার পাশের বিড়ি, পান ও চায়ের দোকানগুলি রাত ১১টার পর বন্ধ করে দিতে হবে। রাস্তায় পুলিসের স্টিকার লেখা কোনও গাড়ি দেখলেই কর্তব্যরত পুলিসকে অবশ্যই তাকে যাচাই করতে হবে। গাড়িতে পুলিসের স্টিকার বা ডিএমপির লোগো সম্বলিত স্টিকার লাগিয়ে চোররা যাতায়াত করছে বলে খবর পাওয়া যাচ্ছে।

১-ম পাতার পর

# বিক্ষোভের মুখে পড়েন তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়

পানিহাটির ৩৪ নম্বর ওয়ার্ডের অন্তর্গত শ্যামশ্রী পল্লীতে ৬ দিন ধরে জল পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ। জলের দাবিতে কদমতলা মোড়ে রাস্তা অবরোধ করে এলাকার স্থানীয় বাসিন্দারা। বিক্ষোভের মুখে পড়েন তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়। তিনি শুধু প্রার্থীই নন, তিনি দমদম কেন্দ্রের তিন বারের সাংসদ। তাঁকে ঘিরে মহিলারা প্রশ্ন করতে থাকেন, “কবে জল পাব? কোথায় জানাব বারবার জানিয়েছি, তারপরও একটাও ট্যাঙ্ক পর্যন্ত নেই।”

১-ম পাতার পর

# সন্দেশখালি থেকে উদ্ধার হওয়া অস্ত্রের পরিমাণ আরও বাড়তে পারে

নগর দায়রা আদালতে হাজির করিয়েছিল। তাঁদের সঙ্গে শিবপ্রসাদ হাজরা এবং দিদার বক্স মোল্লাকেও আদালতে নিয়ে যাওয়া হয়। সেখানেও ইডি জানায়, জমি দখলের টাকা দিয়ে শাহজাহান অস্ত্র কিনেছিলেন বলে মনে করা হচ্ছে। শাহজাহানের স্ত্রী এবং পরিবারের সদস্যেদের জেরা করেও সেই সংক্রান্ত তথ্য মিলেছে। আগামী ১৩ মে পর্যন্ত প্রত্যেকের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। সিবিআই আদালতে জানিয়েছে, সন্দেশখালিতে তল্লাশি চালিয়ে তারা যে অস্ত্রশস্ত্র উদ্ধার করেছিল, তার মধ্যে ছিল শাহজাহান শেখের ভাই আলমগিরের একটি অস্ত্রও।আলমগির বর্তমানে জেল হেফাজতে। সেই সঙ্গে শাহজাহানের নামে অস্ত্রের লাইসেন্সও পেয়েছে সিবিআই। এ ছাড়া একটি ব্যাগ সে দিন তল্লাশির সময়ে পাওয়া গিয়েছিল। তার মধ্যে বিস্ফোরক পদার্থ ছিল বলে আশঙ্কা। সেই কারণে ব্যাগটি এনএসজি আধিকারিকেরা নিয়ে গিয়েছিলেন। ওই ব্যাগের মধ্যে অন্তত দু'টি অস্ত্র রয়েছে বলে মনে করা হচ্ছে। সেগুলি কী ধরনের অস্ত্র, তা জানা যাবে এনএসজির রিপোর্ট হাতে পেলে।

১-ম পাতার পর

# সুপ্রিম কোর্টের প্রশ্নের মুখে পড়ে এসএসসি কর্তৃপক্ষ

হাইকোর্টের বাকি রায়ে এখনই স্থগিতাদেশ দেয়নি সুপ্রিম কোর্ট। কলকাতা হাই কোর্ট তাদের রায়ে জানিয়েছিল, মন্ত্রিসভার বিরুদ্ধে তদন্ত করতে পারবে সিবিআই। সেই রায়ে স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।রাজ্যের আইনজীবী শীর্ষ আদালতে সওয়াল করেন, এই সময় নির্বাচন চলছে। এখন সিবিআই তদন্ত করলে তো পুরো মন্ত্রিসভা জেলে চলে যাওয়ার আশঙ্কা রয়েছে। এমন নির্দেশ দিয়েছে হাইকোর্ট, যা কার্যকর করা সম্ভব নয়। ওই রায়ের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেওয়া হোক। এর পরেই সুপার নিউমেরিক পোস্ট তৈরি নিয়ে মন্ত্রিসভার সদস্যের বিরুদ্ধে তদন্তে স্থগিতাদেশ দেয় শীর্ষ আদালত।

১-ম পাতার পর

# ৫,৪০০ জনকে বাঁচানোর জন্য ২০ হাজার লোককে বলি দিয়েছেন মমতা:শুভেন্দু

২০ লাখ করে টাকা তুলেছে। এই কয়েকজনকে বাঁচানোর জন্য ২০ হাজার যোগ্য লোককে বলি দিয়েছেন উনি। তবে পিসির এগুলো নিয়ে চিন্তা নেই।' শুভেন্দুর কথায়, 'মহামান্য বিচারপতি দেবাংশু বসাকের বেঞ্চ রায়ের ১৭ নম্বর ক্লজে বলেছেন, অতিরিক্ত শূন্যপদ কারা করেছিল? তাদের খুঁজে বার করে তদন্তের স্বার্থে সিবিআই হেফাজতেও নিতে পারে। এই ৫,৪০০কে চাকরিতে বহাল রাখার জন্য ৫ মে ২০২২ ক্যাবিনেটে মিটিং হয়েছিল। যার নেতৃত্ব দিয়েছিলেন এই ঠগী পিসি।'

১-ম পাতার পর

# লোকসভা নির্বাচনের ষষ্ঠ পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে নির্বাচন কমিশন

হবে বিহার, হরিয়ানা, ঝাড়খণ্ড, ওড়িশা, উত্তরপ্রদেশ এবং দিল্লি রাজধানী অঞ্চলে। পশ্চিমবঙ্গে তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম (তপশিলি উপজাতি), মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং বিষ্ণপুর (তপশিলি জাতি) লোকসভা আসনে আগামী ২৫ মে সাধারণ নির্বাচনের ষষ্ঠ পর্বে ভোট নেওয়া হবে। ভোটগ্রহণ শুরু হবে সকাল ৭টায়, চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

তমলুকে ১,৯২৮টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। কাঁথিতে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা ১,৮৭৬, ঘাটাল, ঝাড়গ্রাম (তপশিলি উপজাতি), মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং বিষ্ণুপুর (তপশিলি জাতি) আসনে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা যথাক্রমে ২,০৯৫, ২,০১৮, ১,৯৪৫, ১,৯০৩, ১,৯৪৫ এবং ১,৮৯০টি।

২ পাতার পর

# ফের দক্ষিণ গাজার শহর রাফায় 'অগ্নিবর্ষণ' করল ইজরায়েল

হামাসের দাবি মৃতের সংখ্যা ১৫ ছাড়িয়েছে। যে কোনও মুহূর্তে প্যালেস্তিনীয়দের 'শেষ আশ্রয়' রাফায় ঢুকে পড়বে ইজরায়েলি ফৌজ।এদিকে, রাফায় ইজরায়েলি সেনার অভিযান নিয়ে নেতানিয়াহুর প্রশাসনকে কড়া হুঁশিয়ারি দিয়েছে মিশর। কায়রো সাফ জানিয়ে দিয়েছে, রাফায় হামলা শুরু হলে কোনও প্যালেস্তিনীয়কে সীমান্ত পেরিয়ে মিশরে ঢুকতে দেওয়া হবে না। পাশাপাশি এও বলা হয়েছে, ইজরায়েলের এই অভিযানে ব্যাপক ক্ষয়ক্ষতি হবে। প্রাণ হারাবে লক্ষ লক্ষ মানুষ। রাফাকে সম্পূর্ণ ধবংসের দিকে ঠেলে দিচ্ছে তেল আভিভ। এর ফল ভুগতে হবে ইজরায়লকে। এই মুহূর্তে রাফায় প্রায় ১৫ লক্ষ প্যালেস্তিনীয়র বাস রয়েছে। যার মধ্যে অধিকাংশই শরণার্থী। ইজরায়েলের অভিযোগ, এই রাফা শহরেই নতুন করে ঘাঁটি গাড়ছে জেহাদিরা। এখান থেকেই তারা সন্ত্রাসী কার্যকলাপ চালাচ্ছে। এখানে লুকিয়ে রয়েছে জঙ্গি সংগঠনটির মাথারাও। তাই হামাসকে পুরোপুরী শেষ করতে হলে এই শহরও তোলপাড় করতে হবে।হামাস জঙ্গিদের সমূলে বিনাশ করতে পুরোদমে হামলা শুরু করবেন জওয়ানরা। যার পরিণতি হবে ভয়ংকর। এখন রাফার ভবিষ্যৎ নিয়ে আশঙ্কার প্রহর গুনছে মানবাধিকার সংস্থাগুলো।

রয়টার্স সূত্রে খবর, এদিন রাফার তিনটি বাড়িতে আছড়ে পড়েছিল ইজরায়েলি প্রতিরক্ষা বাহিনীর বোমা। অন্তত ১৩ জনের মৃত্যুর পাশাপাশি আহত হয়েছেন বেশ কয়েকজন। এদিকে, উত্তর গাজার দুটি বাড়িতেও আঘাত হানে ইজরায়েলের বিমানবাহিনী। গাজার স্বাস্থ্যমন্ত্রকের খবর অনুযায়ী, সেখানেও বেশ কয়েকজন প্রাণ হারিয়েছেন। গত মাস তিনেক ধরে মিশর সীমান্তবর্তী রাফায় আক্রমণ তীব্র করেছে তেল আভিভ। ঘনঘন সেখানে বোমাবর্ষণ করছে ইজরায়েলি ফৌজ। উল্লেখ্য, সাত মাস পেরিয়ে গিয়েছে। হামাস নিধনে এখনও গাজায় আক্রমণ শানাচ্ছে ইজরায়েলি ফৌজ। আন্তর্জাতিক মহলের চাপ উপেক্ষা করে নিজের সিদ্ধান্তে অনড় ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। লক্ষ্য একটাই। হামাস জঙ্গিদের সমূলে নিধন। আর তার জন্য রাফায় ঢুকে অভিযান শুরু করতেই হবে ইজরায়েলকে। এবার নাকি তারই সময় এসে গিয়েছে। তাই রাফায় আক্রমণের ধার তীব্র করেছে ইজরায়েলি সেনা।

দিন চারেক আগেই টাইমস অফ ইজরায়েলকে দেওয়া সাক্ষাৎকারে ইজরায়েলি প্রতিরক্ষা বাহিনীর এক উচ্চপদস্থ কর্তা জানিয়েছেন, "আমরা সমস্ত জরুরি প্রস্তুতি সেরে ফেলেছি। সরকার আমাদের নির্দেশ দিলেই রাফায় ঢুকে হামলা শুরু করবে বাহিনী।" কিন্তু মিশর সীমান্তবর্তী এই শহরের নিরীহ প্যালেস্তিনীয়দের কী হবে? তেল আভিভের এই পদক্ষেপে গভীর উদ্বেগ প্রকাশ করেছে আমেরিকা। রাফার নিরীহ মানুষদের কথা ভেবে হামলা চালানো থেকে বিরত থাকার আর্জি জানিয়েছে মার্কিন প্রশাসন।জানা গিয়েছে, রাফার মানুষদের জন্য ৪০ হাজার তাঁবুর ব্যবস্থা করেছে ইজরায়েলের সরকার। এই প্যালেস্তিনীয়দের সরিয়ে নিয়ে যেতেও প্রস্তুতি নিচ্ছে সেনা। রয়টার্স সূত্রে খবর, এর জন্য ইজরায়েলের ওয়ার ক্যাবিনেটে জোরদার আলোচনা চলছে। অনুমোদন পেলেই আগামী এক মাসের মধ্যে তাঁদের সরিয়ে নেওয়া হবে। রাফায় ঢুকে অভিযান শুরু করা নিয়ে এর আগে বহুবার ইজরায়েলের বিরুদ্ধে সরব হয়েছে আমেরিকা। গোটা রাফাজুড়ে হামলা না চালিয়ে অন্য পথে হামাস জঙ্গিদের নিকেশ করার পথ খুঁজতে বলেছিল ওয়াশিংটন। কিন্তু কোনও কথাতেই কর্ণপাত করেননি নেতানিয়াহু।

## দুর্নীতিকে সাধারণ ব্যাপার হিসেবে দেখলে চলবে না: মোদী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুর্নীতিকে সাধারণ ব্যাপার হিসেবে দেখলে চলবে না। এতে দেশের বড় ক্ষতি হবে। তৃতীয় দফার লোকসভা ভোটের আগে নিউজ ১৮-কে দেওয়া একান্ত সাক্ষাৎকারে এই কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।প্রধানমন্ত্রী আরও মনে করেন, সিস্টেমের উন্নতির জন্য এই ধরনের পদক্ষেপের পাশাপাশি সমাজে সচেতনতাও তৈরি করতে হবে, যাতে যে কোনও স্তরে দুর্নীতিকে মানুষ সহ্য না করে। মোদি বলেন, "দ্বিতীয়ত সমাজকে জাগিয়ে তুলতে হবে। সমাজকে সচেতন করতে হবে যাতে মানুষ দুর্নীতিকে প্রশ্য না দেয়। সেই পরিবেশ তৈরি হচ্ছে। কিন্তু রাজনৈতিক নেতারা এসবে ভয় পায় না। কেউ না কেউ তাদের (দুর্নীতিগ্রস্তদের) সমর্থন করবে, কারণ তারা আমাদের বিরোধিতা করছে। এটা ঠিক নয়"।বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্র সরকার ইডি এবং সিবিআই-এর মতো তদন্ত সংস্থাগুলিকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করছে বলে অভিযোগ

এরপর ৪ পাতায়

## নির্বাচনের ফলাফল ঘোষণা ঘিরে ভোটগণনা কেন্দ্রে তুমুল অশান্তি

**ঢাকা: নিউজ সারাদিন :** নির্বাচনের ফলাফল ঘোষণা ঘিরে ভোটগণনা কেন্দ্রে তুমুল অশান্তি। যা থামাতে কয়েক রাউন্ড গুলি চালাতে হয় পুলিশকে। আর সেই গুলিতেই প্রাণ গেল এক বৃদ্ধের। জখম হয়েছেন পুলিশকর্মী-সহ আরও ৭ জন। ঘটনাটি ঘটেছে, বাংলাদেশের উত্তরের জনপদ জেলা দিনাজপুরের বিরলের আজিমপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ কেন্দ্রে। তিনি আরও জানান এই ঘটনায় পুলিশের কয়েকজন সদস্যও আহত হয়েছেন। দিনাজপুর জেলা শাসক শাকিল আহমেদ সুষ্ঠু তদন্তের স্বার্থে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জানে আলমের নেতৃত্বে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছেন। আগামী মে দিবসের মধ্যেই তদন্তের রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এখনও ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়ন করা রয়েছে। জানা গিয়েছে, আজিমপুর ইউনিয়ন পরিষদে জনপ্রতিনিধি নির্বাচনের ভোটগ্রহণ হয় সিজ্গুল হামিদ হামিদা উচ্চ বিদ্যালয়ে। নির্বাচন শেষে রবিবার এই কেন্দ্রে গণনা শুরু হয়। অভিযোগ সেসময় দুই ইউপি সদস্যের সমর্থকদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। উত্তেজিত দুই প্রার্থীর সমর্থকরা ভোটকেন্দ্রে জোর করে ঢুকে ব্যালট বাক্স ছিনতাই করে। আটকাতে গেলে পুলিশের উপরও হামলা চালানো হয়। তখনই পরিস্থিতি শান্ত করতে শূন্যে গুলি চালায় পুলিশ। সেই গণ্ডগোলে মহম্মদ আলি (৭০) নামে এক বৃদ্ধ গুলিবিদ্ধ হন। পরে তাঁকে দিনাজপুর এম আবদুর রহিম মেডিক্যাল কলেজ হাসপাতালে যাওয়ার পথে মৃত্যু হয়।মহম্মদ আলির মৃত্যুর খবর নিশ্চিত করে দিনাজপুর পুলিশ সুপার শাহ ইফতেখার আহমেদ জানান, হামিদ হামিদা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভোটগণনা শেষে গোল বাঁধে। উত্তেজিত দুই প্রার্থীর সমর্থকরা ভোটকেন্দ্রে জোর করে প্রবেশ করে ব্যালট বাক্স ছিনতাই ও পুলিশ সদস্যদের উপর হামলা করে। তার পর পুলিশ সদস্যরা নিজেদের ও সরকারি জিনিস রক্ষার্থে প্রথমে ফাঁকা গুলি চালায়। এর পরও পুলিশকর্মীদের উপর আরও হামলা করা হলে শটগান থেকে ৬০ থেকে ৭০ রাউন্ড গুলি ছোড়া হয়। এই শট গানের গুলিতে মহম্মদ আলি ঘটনাস্থলে পড়ে যান। পরে তাঁর মৃত্যু হয়।

## ধর্ষণের শিকার ১৪ বছরের কিশোরীর গর্ভপাতের অনুমতি

# প্রত্যাহার করে নিল সুপ্রিম কোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধর্ষণের শিকার ১৪ বছরের কিশোরীর গর্ভপাতের অনুমতি প্রত্যাহার করে নিল সুপ্রিম কোর্ট। প্রথমে শীর্ষ আদালত কিশোরীকে গর্ভপাতের অনুমতি দিয়েছিল। তবে কিশোরীর বাবা-মায়ের আর্জি মেনে আদালত তা প্রত্যাহার করে নিল।এর আগে গত ২২ এপ্রিল ধর্ষণে শিকার হওয়া কিশোরীকে গর্ভপাতের অনুমতি দেয় সুপ্রিম কোর্ট। ১৪ বছরের ওই কিশোরী ৩০ সপ্তাহের অন্তঃস্বত্বা ছিলেন। ভারতীয় আইন অনুযায়ী, ২৪ সপ্তাহের বেশি যদি কেউ অন্তঃস্বত্বা থাকেন, তাহলে তাঁকে গর্ভপাতের অনুমতি দেওয়া হয় না। কিন্তু তা সত্বেও শীর্ষ আদালত বিষয়টিকে বিরলতম দৃষ্টান্ত হিসাবে আখ্যা দিয়ে গর্ভপাতের অনুমতি দিয়েছিল। যদিও এদিন তা প্রত্যাহার করে নেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। এদিন ভিডিও কনফারেন্সিংয়ের মারফত কিশোরীর মা-বাবার সঙ্গে কথা বলেন সুপ্রিম কোর্টের প্রধান




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১১৭ সংখ্যা ৩০ এপ্রিল, ২০২৪ মঙ্গলবার ১৭ বৈশাখ, ১৪৩১

## বাগুইআটি ও পুরুলিয়ায়

### দুই তৃণমূল নেতাকে খুনের ঘটনাকে কেন্দ্র করে তোলপাড় রাজ্য-রাজনীতি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাগুইআটি ও পুরুলিয়ায় দুই তৃণমূল নেতাকে খুনের ঘটনাকে কেন্দ্র করে তোলপাড় রাজ্য-রাজনীতি। জঙ্গিপুরের খড়গ্রামের সভা থেকে এই ইস্যুতেও বিজেপিকে নিশানা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রশ্ন তুললেন, 'এই ঘটনায় কেন এল না সিবিআই-এনআইএ?'

প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতি থেকে সন্দেশখালি কাণ্ড। রাজ্যের বিভিন্ন ঘটনার তদন্তভাব সিবিআই ও ইডির হাতে। যা একেবারেই উদ্দেশ্য প্রণোদিত বলেই দাবি তৃণমূলের। ইতিমধ্যেই বিভিন্ন মামলার তদন্তে রাজ্যের একাধিক নেতা-মন্ত্রীর বাড়িতে হানা দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। যা নিয়ে একাধিকবার প্রকাশ্যেই উষ্মাপ্রকাশ করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। গোটা বিষয়টাই পরিকল্পনামাফিক বলে দাবি করেছেন। বলেছেন, বিজেপি সিবিআই-ইডি-এনআইকে নিয়ন্ত্রণ করে। এদিনও ইঙ্গিতে সেটাই দাবি করলেন মমতা বন্দ্যোপাধ্যায়।শনিবার রাতে বাগুইআটিতে 'খুন' হয়েছেন এক তৃণমূল কর্মী। এদিকে রবিবার রাতে পুরুলিয়ার এক তৃণমূল নেতাকে পিটিয়ে খুনের অভিযোগ উঠেছে ঝাড়খণ্ডের তিন যুবকের বিরুদ্ধে। কয়েকঘণ্টার ব্যবধানে তৃণমূলের ২ সদস্যের মৃত্যুতে স্বাভাবিকভাবেই তোলপাড় রাজ্য-রাজনীতি। সোমবার মুর্শিদাবাদের জঙ্গিপুরের সভা থেকে দুই তৃণমূল সদস্য খুন নিয়ে মুখ খুললেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর প্রশ্ন, কেন এবার সিবিআই বা এনআইএ এল না? অর্থাৎ ইঙ্গিতে মুখ্যমন্ত্রী দাবি করলেন, এই ঘটনার নেপথ্যে বিজেপি রয়েছে। সেই কারণেই সিবিআই বা এনআইএ আসেনি। বা বিজেপি কেন্দ্রীয় সংস্থার দ্বারা তদন্তের আর্জি জানাননি।

## সম্পাদকীয়

### বিজেপি শাসিত রাজ্যের নিয়োগ দুর্নীতির তদন্তে একাধিক জনের মৃত্যু হয়েছিল

দুর্নীতির রায়ের বিরোধিতা করতে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ব্যাপম দুর্নীতির কথা স্মরণ করালেন। মমতা বন্দ্যোপাধ্যায় নাম না করে এদিন আবারও শুভেন্দু অধিকারীকে নিশানা করেছেন। তিনি বলেছেন, '২৬ হাজার ছেলেমেয়ের চাকরি খেয়ে উল্লাস করছে। তোর ভাইবোনের চাকরি গেলে কী করতিস'।

এদিন মমতা বন্দ্যোপাধ্যায় শুভেন্দু অধিকারীকে তীব্রনিশানা করে বলেছেন, ঘুমের মধ্যেও আতঙ্কে থাকে।কলকাতা হাইকোর্টের এই নির্দেশে রাজ্যের স্কুলগুলি পর্যন্ত বিপন্ন হয়ে পড়েছে। কীভাবে হবে পঠন-পাঠন তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। সুপ্রিম কোর্টে মামলার শুনানি পিছিয়ে যাওয়ায় ঝুলে রইল চাকরিহারাদের ভবিষ্যৎ। যদিএ পর্ষদের পক্ষ থেকে যোগ্য অযোগ্যদের তালিকা দেওয়ার কথা বলা হয়েছে আদালতে।কোথায় আবার বোমা ফাটাবে। এদিন মমতা বন্দ্যোপাধ্যায় ব্যপম কেলেঙ্কারির কথা মনে করিয়েছেন। তিনি বলেছেন বিজেপি শাসিত রাজ্যেও নিয়োগ দুর্নীতি হয়েছিল। সেখান যাঁরা তদন্ত করতে গিয়েছিলেন তাঁদের খুন হতে হয়েছিল।

মধ্যপ্রদেশের ব্যাপম কেলেঙ্কারির কথা অনেকেই হয়তো ভুলে গিয়েছেন। ২০১৩ সালে প্রথম এই দুর্নীতির ঘটনা প্রকাশ্যে আসে। ৬ এবং ৭ জুলাই সেই বছর প্রথম এই নিয়োগ দুর্নীতির কথা গোটা দেশ জানতে পারে। সেই ঘটনায় জড়িত সন্দেহে উত্তর প্রদেশের ২০ জনকে গ্রেফতার করা হয়েছিল। এই দুর্নীতিতে তাবর রাজনৈতিক নেতা থেকে ব্যবসায়ী যুক্তছিলেন বলে জানা গিয়েছিল। এই দুর্নীতির তদন্তে ২০ থেকে ৩০ জনের অস্বাভাবিক মৃত্যু হয়েছিল। তারপরে সুপ্রিম কোর্টের নির্দেশে সিবিআই তদন্ত শুরু করে।

রাজ্যের নিয়োগ দুর্নীতির তদন্ত করছে ইডি। সেই তদন্তে একাধিক নেতা মন্ত্রী গ্রেফতার হয়েছে। তারপরেই হাইকোর্টের রায়ে প্রায় ২৬ হাজার জনের চাকরি গিয়েছে। তদন্ত করছে কেন্দ্রীয় সংস্থা। এদিকে বিজেপি শাসিত রাজ্যের নিয়োগ দুর্নীতির তদন্তে একাধিক জনের মৃত্যু হয়েছিল। কিন্তু পশ্চিমবঙ্গে সেরকম কোনও ঘটনা ঘটেনি।

এদিকে আজ হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। এভাবে ২০১৬ সালের গোটা প্যানেল বাতিল করে দিয়ে অসংখ্য চাকরিহারার ভবিষ্যত নষ্ট করে দিতে বসেছে আদালত এই নিয়ে আক্রমণ শানিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। যদিও সুপ্রিম কোর্ট আগামী সোমবার মামলার শুনানি হবে বলে জানিয়েছে। যদিও রাজ্য সরকার যোগ্যদের চাকরি বাতিলের বিরোধিতায় সুপ্রিম কোর্টে গিয়েছে।

# সন্ত্রাসবাদের ইতিহাস



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)

প্রায় ৩০ বছর আগের কথা। কথিত সন্ত্রাসবাদবিরোধী অভিযানের নামে মিত্র দেশের সেনা ও ন্যাটো বাহিনীকে সঙ্গে নিয়ে আফগানিস্তানে অভিযান শুরু করে যুক্তরাষ্ট্র। দ্রুতই দেশটির তৎকালীন ক্ষমতাসীন তালেবান সরকারের পতন ঘটায় তারা। কিন্তু তালেবানের সঙ্গে রক্তক্ষয়ী লড়াই আর আফগানিস্তানজুড়ে সহিংসতার অবসান কখনোই ঘটেনি। দেখা মেলেনি প্রত্যাশিত শান্তির। দুই দশক তাড়া খেয়ে বেড়ানো সেই তালেবানই এখন আবার আফগানিস্তানের ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পথে।তবে চলতি বছরের জানুয়ারি মাসে হোয়াইট হাউসের দায়িত্ব নেওয়ার আগেই নবনির্বাচিত প্রেসিডেন্ট বাইডেনকে এক জরুরি সতর্কবার্তা দেয় মার্কিন প্রতিরক্ষা সদর দপ্তর পেন্টাগন। বার্তায় তালেবানের হাতে আফগান সেনাবাহিনীর পর্যুদস্ত হওয়ার আশঙ্কার ইঙ্গিত দেওয়া হয়েছে। মার্কিন কর্মকর্তাদের বিস্ময় এই ইঙ্গিতের মধ্যেই থেমে নেই। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা তথ্যের অনুমান ছিল, তালেবানের এমন শক্তির আত্মপ্রকাশ ঘটতে সময় লাগতে পারে ১৮ মাস; কোনো অবস্থায়ই তা কয়েক সপ্তাহ নয়। কিন্তু তা ভুল প্রমাণিত হলো। এটিই বড় বিস্ময় তাঁদের। এদিকে তালেবানদের উত্থানে সারা বিশ্ব উদ্বিগ্ন হলেও ভারতের হিন্দু মৌলবাদী সরকারের টেনশনটি বড় আকারে দেখা দিয়েছে। দক্ষিণ এশিয়ার প্রায় সব প্রতিবেশী দেশ তার থেকে ছুটে গেছে, আগামী ১১ সেপ্টেম্বরের পর আফগানিস্তানও ছুটে যাচ্ছে ভারতের হাত থেকে, যখন সেখান থেকে ন্যাটো জোটের সব সেনা বিদায় নেবে। অবশ্য এরইমধ্যে তালেবানরা দেশের এক-তৃতীয়াংশ দখলে নিয়েছে, সরকারি বাহিনী মোটামুটি পর্যুদস্ত। সব দেখে মনে হচ্ছে দিল্লির কাবুল-নীতি একেবারে জলে গেছে। দিল্লির টেনশনটি শুরু হয়েছিল অবশ্য গত বছর, যখন তালেবান-যুক্তরাষ্ট্র-পাকিস্তান বৈঠক শুরু হয়েছিল তখন থেকে।

২০০১ সালের আফগান যুদ্ধের পর কাবুল সরকারের চোখে পাকিস্তান হয়ে যায় আফগানিস্তানের শত্রু রাষ্ট্র। ভারত হয় বন্ধু রাষ্ট্র। কাবুল সরকারের সহায়তা পেয়ে ভারত সেখানে ব্যবসা-বাণিজ্যে আধিপত্য গড়ে তোলে এবং পাকিস্তানবিরোধী একটা পরিবেশ তৈরি করে, যা পরবর্তী এক যুগ ছিল বলা যায়। দুই প্রতিবেশী পাকিস্তান-আফগানিস্তান নানা ঝগড়া-বিবাদ, নরম-গরম সম্পর্কে জড়িয়ে পড়ে। পাকিস্তান নির্ভরতা কাটিয়ে উঠতে কাবুল সরকার ভারতের দিকে ঝুঁকে পড়ে। কিন্তু এই ঝুঁকে পড়ায় না হয়েছে আফগানিস্তানের অর্থনৈতিক কল্যাণ, না এসেছে রাজনৈতিক স্থিতিশীলতা।

অন্যদিকে, সরকারি নীতি যাই হোক, তালেবানদের সঙ্গে পাকিস্তানের গোয়েন্দা সংস্থা আইএসআই'র যোগাযোগ বরাবরই ছিল। তালেবানদের অবাধ যাতায়াত ছিল পাকিস্তানে। মোল্লা ওমরের তালেবান সরকার ২০০১ সালে ক্ষমতা হারিয়েও বছরের পর বছর দখলে রেখেছে দেশের একটা বিস্তৃত এলাকা, আর ২০ বছর ধরে চলে আসছে সেই যুদ্ধ। আমেরিকার নেতৃত্বাধীন ন্যাটো বাহিনী এবং সরকারি বাহিনী-দুটির সঙ্গে লড়ে গেছে তালেবানরা। সর্বশেষ ২৯ ফেব্রুয়ারি ২০২০ কাতারের রাজধানী দোহায় তালেবানদের সঙ্গে চুক্তি স্বাক্ষর করে আমেরিকা। কারণ, যে হারে তারা তালেবানদের কাছে সৈন্য হারাচ্ছিল, তাতে মানসম্মান দিয়ে আফগানিস্তান ত্যাগ করা ছাড়া তাদের উপায় নেই। এরইমধ্যে মার্কিনিদের খরচ করতে হয়েছে দুই ট্রিলিয়ন ডলার।

পাশাপাশি চীনও ভূমিকা রাখে শান্তিচুক্তি স্থাপনে। তারা কাবুল সরকার, তালেবান আর পাকিস্তানকে এক মঞ্চে আনতে নেপথ্য ভূমিকা রাখে। গত ২৬ আগস্ট ২০২০ পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কুরেশি আফগানিস্তানে নিয়োজিত চীনের বিশেষ দূত লিউ জিয়ানকে আফগানিস্তানের যুদ্ধ শেষ করতে সাহায্য করার জন্য ইসলামাবাদে আমন্ত্রণ জানিয়েছিলেন। সেখানে তালেবানদের রাজনৈতিক শাখার প্রতিনিধি দলের সঙ্গে পাকিস্তান সরকারের বৈঠক হয়েছে কীভাবে তালেবান এবং আফগান সরকার একটা সমঝোতায় পৌঁছতে পারে তার রূপরেখা নিয়ে। আর চীন-পাকিস্তানের এই উপস্থিতি ভারতের আঞ্চলিক আধিপত্যের উচ্চাভিলাষকে আরও এক ঝাঁকুনির মুখে ফেলে দিয়েছে।

এদিকে সেনা প্রত্যাহারের পর তালেবান খুব সহজে আফগানিস্তানের নিয়ন্ত্রণ নেয়ায় দেশে প্রবল সমালোচনার মুখে পড়েছেন মার্কিন প্রেসিডেন্ট। সেনা প্রত্যাহার ঘিরে বিশৃঙ্খলা সত্ত্বেও জো বাইডেন বলছেন, "আমেরিকান সেনারা এমন একটি যুদ্ধে অংশ নিয়ে মারা যেতে পারে না, নেয়া উচিৎও না, যেখানে আফগান সৈন্যরা নিজেরাই লড়াই করতে ইচ্ছুক না।"

এই সময়ে আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের সামরিক অংশগ্রহণে ইতি টানার "সিদ্ধান্ত সঠিক ছিল" বলে উল্লেখ করেন জো বাইডেন।

১১ই সেপ্টেম্বর নিউইয়র্কের টুইন টাওয়ারে হামলার ২০ বছর পূর্তির দিনটির মধ্যেই আফগানিস্তান থেকে সব আমেরিকান সেনা প্রত্যাহার করার জন্য গত এপ্রিল মাসে নির্দেশ দিয়েছিলেন মি. বাইডেন।

সেনা প্রত্যাহার নিয়ে সমালোচনার জবাব দিয়ে তিনি বলছেন, "যুক্তরাষ্ট্রের সেনাদের সেখান থেকে আসার ব্যাপারে আসলেই কখনো কোন আদর্শ সময় ছিল না।"

ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রশ্ন তুলেছেন, "সেখানে আর কত আমেরিকানকে জীবন দিতে হবে?"

তালেবান ক্ষমতা নেয়ায় আফগানিস্তানে যুক্তরাষ্ট্র নেতৃত্বাধীন জোট বাহিনীর প্রায় ২০ বছরের উপস্থিতির অবসান ঘটেছে।

প্রায় এক মাস আগে তালেবানের অভিযান শুরু হওয়ার পর কাবুল ছিল সর্বশেষ শহর, যেটি তাদের নিয়ন্ত্রণে গিয়েছে। সর্বশেষ কয়েকদিনে যেভাবে তারা দ্রুত একের পর এক এলাকা নিয়ন্ত্রণে নিয়েছে, তা অনেক পর্যবেক্ষককে বিস্মিত করেছে।

রিপাবলিকান সিনেট নেতা মিচ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর

# দুর্নীতিকে সাধারণ ব্যাপার হিসেবে দেখলে চলবে না: মোদী

বিরোধীদের।পাশাপাশি বিজেপিতে যোগ দেওয়া ২৫ বিরোধী নেতার বিরুদ্ধে চলা মামলা স্থগিত হয়ে যায় বলে সংবাদপত্রের একটি রিপোর্টও খারিজ করে দেন তিনি।

প্রধানমন্ত্রীর বক্তব্য দুর্নীতির মামলাগুলো আদালত খতিয়ে দেখছে। এই ধরনের অভিযোগ স্বাধীন এবং সর্বোচ্চ আদালতের বিরুদ্ধাচারণ বলে মনে করেন তিনি। মোদি বলেন, "কোনও মামলা বন্ধ হয়নি। আদালত যা রায় দেবে, তাই হবে। আদালত স্বাধীনভাবে কাজ করে। দ্বিতীয়ত, রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে এরকম কটা মামলা আছে? মাত্র ৩ শতাংশ। এমনকী বড় বড় আমলাদেরও জেল হয়েছে। সবচেয়ে বড় কথা, এই ধরনের সংস্থাগুলি গঠন করা হয়েছিল কেন? যদি বিশেষ উদ্দেশ্য নিয়ে এই সংস্থাগুলো তৈরি করা হয়, তাহলে তারা সেই কাজটা করবে না? আদালত সবার উপরে৷তারাই সবটা পরীক্ষা করে দেখবে"।আবগারি কেলেঙ্কারি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির পর কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণের ধার বাড়িয়েছে ইন্ডিয়া জোট। আপ আহ্বায়কের বিরুদ্ধে পদক্ষেপের প্রতিবাদে দিল্লির রামলীলা ময়দানে কংগ্রেস, আম আদমি পার্টি এবং অন্যান্য বিরোধী দলগুলি 'গণতন্ত্র বাঁচাও সমাবেশ'-এর আয়োজন করেছিল।

শুরু থেকেই দুর্নীতির বিরুদ্ধে কড়া পদক্ষেপের দাবি জানিয়ে আসছে বিজেপি। চলতি লোকসভা নির্বাচনেও এটা বড় ইস্যু। প্রধানমন্ত্রী মোদি বলছেন, দুর্নীতি নিয়ে আলোচনা হওয়া উচিত। এটাকে স্বাভাবিক বিষয় হিসেবে দেখলে চলবে না। তিনি বলেন, কেউ কেউ দুর্নীতিকে মহিমান্বিত করার চেষ্টা করছে, তাঁদের কড়া সমালোচনা হওয়া উচিত।মোদির কথায়, "দুর্নীতিকে হালকাভাবে নেবেন না। এই নিয়ে বিতর্ক হওয়া উচিত। একটা সময় দুর্নীতির অভিযোগও জনমানসে গভীর প্রভাব ফেলত। আজ দোষী সাব্যস্ত এবং শাস্তির পরেও অনেকে হাত নেড়ে ছবি তুলছে। তারা তো দুর্নীতিকে মহিমান্বিত করা চেষ্টা করছে। এর সমালোচনা হওয়া উচিত। দুর্নীতিকে স্বাভাবিক বিষয় হিসেবে দেখা চলবে না। নাহলে দেশের বড় ক্ষতি হবে। এটা বিজেপি বনাম অন্য দলগুলোর বিষয় নয়, দেশের বিষয়"।

প্রধানমন্ত্রীর মতে, দেশে এমন পরিবেশ তৈরির চেষ্টা হচ্ছে যেন দুর্নীতি খুব স্বাভাবিক বিষয়। এতে আখেরে সাধারণ গরিব মানুষের ক্ষতি হচ্ছে। এই সমস্যার সমাধান বের করতে হবে। প্রকল্পের সুবিধা সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠানো, জিইএম পোর্টালের মতো কেন্দ্রের প্রযুক্তি চালিত উদ্যোগের কথা তুলে ধরে মোদী বলেন, দুর্নীতি নির্মূল করতে হলে স্বচ্ছ সিস্টেম চালু করতে হবে।মোদির কথায়, "আমি দেখছি ধীরে ধীরে একটা পরিবেশ তৈরি করা হচ্ছে, যেখানে বলা হচ্ছে, 'ওহ, ঠিক আছে, এমন তো হয়ই'। কিন্তু গরিব মানুষের ক্ষতি হচ্ছে। দেশকে দুর্নীতিমুক্ত করতে হবে, এটাই দেশের সংকল্প হওয়া উচিত। আমি পলিসি চালিত সিস্টেমে বিশ্বাস করি। প্রযুক্তির ব্যবহার করতে হবে। আগে এক প্রধানমন্ত্রী বলতেন, সরকার ১ টাকা দিলে জনগণের কাছে পৌঁছয় মাত্র ১৫ পয়সা। আজ আমি বলছি, ১ টাকা দিলে ১০০ পয়সাই জনগণের কাছে পৌঁছয় - এটাই ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার। কীভাবে? ব্যবস্থার উন্নতি করে! আমরা এবগ পোর্টাল চালু করেছি। দুর্নীতি কমানোর লক্ষ্যে এটা বড় পদক্ষেপ"।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বৌদ্ধ তান্ত্রিক সাধনার সূত্র গ্রন্থ 'সাধনমালা'-তে এই জাঙ্গুলী দেবীর পূজার প্রকরণ ও তাহার মন্ত্রের সম্বন্ধে বিস্তৃত উল্লেখ আছে। তাহা হইতে সহজেই অনুমতি হইতে পারে যে, এই জাঙ্গুলীদেবী বর্তমানে সমাজে পূজিতা সর্প দেবী।" গবেষকদের মতে মনসা অনার্য দেবতা, পরে আর্য দের পুরানে স্থান পেয়েছেন। গবেষকরা বলেন বঙ্গদেশ ছিল জঙ্গলে ভরা। সাপের উপদ্রব ছিল বেশী। বাংলা ছিল কৃষি প্রধান। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## মা হতে ডিম্বাণু সংরক্ষণ করতে চান এই অভিনেত্রী



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : দক্ষিণী ছবির হিট নায়িকা মৃণাল ঠাকুর। এখন বলিউড ছবিতেও চুটিয়ে কাজ করছেন ছোট পর্দা থেকে কেরিয়ার শুরু করা এই অভিনেত্রী। ৩১ বছর বয়সী নায়িকার রিলেশনশিপ স্ট্যাটাস সিঙ্গল, অন্তত তেমনটাই দাবি করেন 'সীতা রামম', 'হাই নান্না'র মতো জনপ্রিয় দক্ষিণী ছবির নায়িকা। ঠোঁটকাটা স্বভাবের জন্য বেশ নামডাক রয়েছে মৃনালের। সম্প্রতি এক সাক্ষাৎকারে কেরিয়ার ও ব্যক্তিগত জীবনের মধ্যে ভারসাম্য, ডিম্বাণু সংরক্ষণের ভাবনা সম্পর্কে মুখ খুলেছেন। হিউম্যানস অফ বম্বের সঙ্গে আলোচনায় অকপট শাহিদের 'জার্সি' নায়িকা। অভিনেত্রী জানান, জীবন এবং কেরিয়ারের মধ্যে সঠিক ভারসাম্য খুঁজে পাওয়া তার পক্ষে গুরুত্বপূর্ণ। তবে আপনি কীভাবে সেই ভারসাম্যটি খুঁজে পাবেন তা নির্ধারণ করাটা কঠিন, চেষ্টা চালাচ্ছি। আমি জানি সম্পর্ক সবসময়ই শক্ত, এবং এজন্য আপনাকে সঠিক পার্টনার খুঁজে পেতে হবে যিনি আপনার পেশাটা বুঝবেন, তার প্রতি সম্মান জানাবেন। আর, হ্যাঁ, আমিও ডিম্বাণু সংরক্ষণের কথা ভাবছি'। সম্প্রতি মোনা সিং নিজের ডিম্বাণু সংরক্ষণের কথা জানন, সেই প্রসঙ্গ টেনেই এ কথা বলেন অভিনেত্রী। মৃণালও সেই দিনগুলির কথা বলেছেন যখন তিনি '(তার) বিছানা থেকে উঠতে চাইতেন না'। তবুও তাকে কাজে যেতে হয়েছিল এবং হাসিখুশি থাকার অভিনয় চালিয়ে যেতে হয়েছিল। এই জাতীয় দিনগুলি কাটিয়ে উঠতে থেরাপি এবং প্রিয়জনদের উপর নির্ভরশীল। অকপটে বলেন, 'আমি থেরাপি করি, এটা যে কারও জন্যই গুরুত্বপূর্ণ, বিশেষ করে অভিনেতা যারা ভিন্ন ভিন্ন চরিত্রে অভিনয় করেন।'

এর আগে এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানিয়েছিলেন, বডি শেমিং-এরও শিকার হয়েছেন তিনি। ইন্ডিয়ান এক্সপ্রেসকে দেয়া এক সাক্ষাৎকারে মৃ্ণাল বলেছিলেন, এক পরিচালক একবার মুখের উপর তাঁকে জানান- 'তোমাকে একটুও সেক্সি দেখতে নয়'। নায়িকা পালটা জানতে চেয়েছিলেন, এটা কি তাঁর অভিনীত চরিত্রটির জন্য করা মন্তব্য নাকি পরিচালক বাস্তব জীবনে মৃণালকে দেখে এ কথা বললেন। পরিচালক জবাব দেন, 'হ্যাঁ, খুব সেক্সি একটা চরিত্র। তুমি তো এর ধারেকাছেও নেই।' সহজভাবে কথা হজম করার পাত্রী নন মৃণাল। পরিচালককে লুক টেস্ট নেয়ার কথা বলেন অভিনেত্রী। ফটোশ্যুটের শুরুতে ফটোগ্রাফারও অপমান করতে ছাড়েননি মৃণালকে। বলে ওঠেন, 'এই গেঁয়ো মেয়েটা কে?' মুখে জবাব দেননি মৃণাল। কাজে করে দেখিয়েছিলেন। পরে মত বদলে ক্ষমা চান ওই ফটোগ্রাফার। মৃণালের কথায়, অভিনেতা হিসাবে জরুরি হল ন্যাচারাল থাকা। যখন সেক্সি কথাটা বলা হয়, আর সেটা যদি আমি ভাবি, তাহলে আমার পায়ের মরা চামড়াও তখন সেক্সি লাগবে।'

মৃণালকে ২০২৩ সালের হিট ফিল্ম হাই নান্না এবং দ্য ফ্যামিলি স্টারে দেখা গিয়েছে। সঞ্জয় লীলা বানসালির পরবর্তী প্রযোজনা ছাড়াও শিগগিরই তিনি হিন্দিতে পূজা মেরি জান ছবিতে অভিনয় করবেন।

## একাধিক বিয়ে নিয়ে যা বললেন শ্রাবন্তী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : ২০২৪ সালে সব থেকে বেশি চর্চা হয়েছে যা নিয়ে, তা হল টালিউড তারকাদের বহু বিবাহ। মার্চে তৃতীয় বিয়ে করেন কাঞ্চন মল্লিক আর অনুপম রায়। যা নিয়ে কম কটাক্ষ করা হয়নি এই দুই তারকাকে। তৈরি হয়েছিল একাধিক মিম। টেনে আনা হয়েছিল শ্রাবন্তী চট্টোপাধ্যায় আর প্রসেনজিৎ চট্টোপাধ্যায়কেও। কারণ এই দুই তারকাও তিন বার বসেছেন বিয়ের পিঁড়িতে। শ্রাবন্তীর তো ৩ নম্বর বিয়েটাও ভাঙছে। চলছে ডিভোর্সের মামলা। তবে নেটপাড়ার ট্রোল, সাধারণ মানুষদের এভাবে ব্যক্তিজীবনে নাক গলানো যে পছন্দ নয় একেবারে তা ধরা পড়ল শ্রাবন্তীর এক সাম্প্রতিক সাক্ষাৎকারে। যেখানে সাফ জানালেন, 'জীবন একটাই। আর সেই জীবনে ভালো থাকাটা গুরুত্বপূর্ণ।

শ্রাবন্তী আনন্দবাজারকে বলেন, 'আমরা (তরকারা) খুব সফট টার্গেট। যেহেতু আমরা পাবলিক ফিগার। আমাদেরকে টানা হয় সব কিছুতে। এ কী! এটা তাঁদের ব্যক্তিগত ইচ্ছে। তাঁরা সেটা বুঝবে। এখানে এত বক্তব্যের জায়গাই নেই।'

এখানে থেমে না থেকে শ্রাবন্তী আরও বললেন, 'কোটি কোটি মানুষের মধ্যে কত কী হচ্ছে। কই সেগুলো তো মানুষ জানতে পারছে না। যেহেতু আমরা পাবলিক ফিগার, আমাদের জীবন নিয়ে মানুষের চর্চা করতে ভালো লাগে। আমি মনে করি যার যেটা ইচ্ছে, যে যেখানে ভালো থাকে। কারণ জীবন একটাই। আর আমি মনে করি, ভালো থাকাটা গুরুত্বপূর্ণ।'

হাতে পরপর কাজ রয়েছে শ্রাবন্তী চট্টোপাধ্যায়ের। তবে সবচেয়ে বেশি চর্চায় দেবী চৌধুরানী। বাংলার এই ম্যাগনাম অপাসে রয়েছেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ও। ছবির পরিচালক পরিচালক শুভ্রজিৎ মিত্র। এই শুভ্রজিতের সঙ্গেই চলছে শ্রাবন্তীর প্রেমের জল্পনা। এমনকী পরিচালকের পরের মার্ডার মিস্ট্রি ফিল্মেও নায়িকা সেই শ্রাবন্তীই। ভালোবাসার টানেই কি শ্রাবন্তীকে 'কালমৃগয়া'-তে নিয়েছেন, উঠছে প্রশ্ন। আপাতত আদালতে চলছে শ্রাবন্তীর ডিভোর্সের মামলা। জিম প্রশিক্ষক রোশন সিং-এর থেকে মাসে ৭ লাখ টাকা খোরপোশ চেয়েছেন অভিনেত্রী। আপাতত তাতে স্টে অর্ডার দিয়েছে আদালত। ফলত আইনত এখনও শ্রাবন্তী রোশনেরই বিবাহিতা স্ত্রী।

## অভিনয়ে ফিরছেন বলিউড স্টার প্রীতি জিনতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দীর্ঘ বিরতির পরে অভিনয়ে ফিরছেন বলিউডের একসময়ের জনপ্রিয় অভিনেত্রী প্রীতি জিনতা। সবশেষ ২০০৭ সালে 'ঝুম বরাবর ঝুম' চলচিচত্রে সবশেষ তাকে মূল নারী প্রধান চরিত্রে দেখা গিয়েছিল।

২৩ এপ্রিল নিজের ভেরিফায়েড ইনস্টাগ্রাম পেজে একটি পোস্ট দিয়ে বিষয়টি অভিনেত্রী নিজেই নিশ্চিত করেছেন। জানান, 'লাহোর ১৯৪৭'-এর শুটিং শুরু করেছেন তিনি।

নিজের নতুন সিনেমার শুটিং সেট থেকে রাজকুমার সন্তোষীর সঙ্গে প্রথম ছবিও শেয়ার করেছেন প্রীতি। ছবিটি প্রকাশের পরপরই ভক্তরা উচ্ছ্বাস প্রকাশ করছেন।

'লাহোর ১৯৪৭' সিনেমায় প্রীতি জিনতার বিপরীতে অভিনয় করছেন সানি দেওল। আমির খানের প্রোডাকশনের ব্যানারে সিনেমাটি পরিচালনা করছেন রাজকুমার সন্তোষী। প্রীতি ও সানি ছাড়াও ছবিতে অভিনয় করছেন শাবানা আজমি, অভিমন্যু সিং, আলি ফজল, এবং মোনা সিং।

এ সিনেমায় অতিথি শিল্পী হিসেবে বলিউডের মিস্টার পারফেকশনিস্ট আমিরকে দেখা যেতে পারে। যদিও এই বিষয়ে কোনো অফিসিয়াল অ্যানাউন্সমেন্ট হয়নি।

১৯৯৮ সালে 'দিল সে' চলচ্চিত্রে মাধ্যমে অভিনয় জগতে প্রবেশ করেন প্রীতি। এরপর 'সোলজার', 'সংঘর্ষ', 'কেয়া কেহেনা', 'দিল চাহতা হ্যায়', 'বীর জারা'র মতো আইকনিক সিনেমায় অভিনয় করেছেন তিনি।

২০১৮ সালে 'ওয়েলকাম টু নিউইয়র্ক'-এ নায়িকা হিসেবে সবশেষ দেখা গিয়েছিল তাকে। তবে সিনেমাটি তেমন সাফল্য পায়নি। ২০০৮ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিনি অনেক সিনেমায় ক্যামিও চরিত্রে অভিনয় করেছেন।

২০১৬ সালে আমেরিকান ব্যবসায়ী জেনে গুডেনাফকে বিয়ে করে লস অ্যাঞ্জেলেসে থাকতে শুরু করেন প্রীতি। ২০২১ সালে সারোগেসির মাধ্যমে দুই সন্তান আসে দম্পতির কোল আলো করে। এরপরই অভিনয়ে অনিয়মিত হয়ে পড়েন তিনি।

## অটোগ্রাফ দিয়ে বিপাকে অভিনেত্রী মানসী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : ভক্ত-শুভাকাঙ্ক্ষীদের অটোগ্রাফ দেয়া, সেলফি তোলা এখন নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। কিন্তু সেই অটোগ্রাফ বা ছবি তোলা যে কাল হবে, সেটি কখনো হয়তো কল্পনায় অসে না। তবে এবার অটোগ্রাফ দিয়ে এমনই বিপাকে পড়েছেন পশ্চিমবঙ্গের টেলিভিশনের জনপ্রিয় অভিনেত্রী মানসী সিনহা।

ভারতীয় সংবাদমাধ্যমের খবর বলছে, চলতি মাসেই মানসী পরিচালিত 'এটা আমাদের গল্প' মুক্তি পাবে। সিনেমাটি নির্মাণ করতে গিয়েই এমন বিপাকে পড়েছেন তিনি। এ ব্যাপারে অভিনেত্রী বলেন, অটোগ্রাফ তো কতই দিয়ে থাকি। বউ, ছেলে-মেয়ে এবং বিভিন্ন জনের কথা বলে অটোগ্রাফ চান। দীপঙ্কর বন্দ্যোপাধ্যায়ও চেয়েছিলেন।

এরপর প্রতারণার ব্যাপারে অভিনেত্রী মানসী বলেন, আমার অটোগ্রাফের ভিত্তিতে যে দীপঙ্কর আমার বিরুদ্ধে ২৬ লাখ টাকা প্রতারণার অভিযোগ তুলবেন। আমাকে এমন বিপাকে ফেলবেন, সেটি কল্পনায়ও ছিল না।

এ ঘটনায় অবশ্য প্রতারক দীপঙ্করকে ইতোমধ্যে পুলিশ আটক করেছেন বলেও জানান অভিনেত্রী। এছাড়া ঘটনার সূত্রপাত সম্পর্কে তিনি বলেন, সিনেমাটি ২০২০ সালে প্রথম শুটিং হয়। তখন এর প্রযোজক ছিলেন শর্মিষ্ঠা ঘোষ। দীপঙ্করকে ফাইনান্সার হিসেবে নিযুক্ত করা হয়েছিল। দীপঙ্কর সিনেমায় অনেক টাকা বিনিয়োগ করেন। শর্মিষ্ঠার কাছ থেকে টাকার সঠিক হিসাব পাননি তিনি।

এরপর টাকা দেয়া বন্ধ করেন দীপঙ্কর। তারপর আর শর্মিষ্ঠাকে খুঁজে পাচ্ছিলেন না বিনিয়োগকারী দীপঙ্কর। আমরাও অনেক খুঁজেছি। এদিকে সিনেমার কাজও শেষ হয়নি। আবার শর্মিষ্ঠা কাউকে টাকাও দেননি। এরপর আমরা শর্মিষ্ঠার কাছ থেকে এনওসি নিয়ে অন্য প্রযোজকের মাধ্যমে সিনেমাটি শেষ করতে চাই। আর এনওসি দেয়ার সময় কোনোভাবেই দীপঙ্করের নাম উল্লেখ করতে দেননি শর্মিষ্ঠা। জানান, দীপঙ্করের সঙ্গে তার কোনো চুক্তি হয়নি। এ জন্য তার নাম দেননি। আর আমার কাছে এনওসি নেয়া গুরুত্বপূর্ণ ছিল।

## একরুমে পাঁচ জনের সঙ্গে থাকতেন নেহা!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : বলিউডের বর্তমান সময়ের জনপ্রিয় সংগীতশিল্পী নেহা কক্কর। ছোটবেলা থেকেই পারিবারিক দূর্দশা, কষ্টে বেড়ে উঠতে হয়েছে তাকে। বিভিন্ন সাক্ষাৎকারে সেই দিনগুলোর গল্প বলেছেন নেহা। নিম্নবিত্ত পরিবারের সাধারণ মেয়ে ছিলেন এই সংগীতশিল্পী। অভাবের মধ্য দিয়েই কেটেছে শৈশব। প্লেব্যাক সিঙ্গার সোনু কক্করের ছোট বোন তিনি। তাদের একজন ভাইও রয়েছে, যার নাম টনি কক্কর। তিনি নিজেও গায়ক। শৈশবেই রোজগারের জন্য পরিবারসহ দিল্লিতে চলে যান নেহা। একরুমে দুই ভাইবোন এবং বাবা-মায়ের সঙ্গে মোট পাঁচজনে মিলে থাকতেন। অর্থকষ্টে এর চেয়ে দামি ঘর ব্যবস্থা করা সম্ভব ছিল না তাদের। দিল্লির উত্তম নগরের নিউ হলি পাবলিক স্কুলে পড়াশোনা করেন নেহা। গ্র্যাজুয়েশন শেষ করতে পারেননি। একাদশ শ্রেণিতে পড়ার সময়ে রিয়েলিটি শো 'ইন্ডিয়ান আইডল'-এর সিজন ২-এ প্রতিযোগী হিসাবে উপস্থিত হন। এরপরই বদলে যেতে শুরু করে নেহার জীবন। ডাক পেয়ে যান বলিউডে। আর পেছনে ফিরে তাকাতে হয়নি। একের পর এক গানে জনপ্রিয়তা পেয়ে যান ভারতজুড়ে। এসবের মাঝেও পুরোনো স্মৃতি আজও ভোলেননি নেহা। গত বছর ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে দুটি ছবি শেয়ার করেন তিনি। একটিতে দেখা যায়, গ্র্যান্ড বাংলোর বাইরে পোজ দিচ্ছেন। অপরটিতে, পুরোনো বাড়ির পাশে দাঁড়িয়ে। জীবন কতটা বদলে গেছে সেটাই বোঝাতে চেয়েছেন নেহা। অতীতকে আজও স্মরণ করেন তিনি। তাই হয়তো কোনও প্রতিযোগীর জীবন সংগ্রামের কথা শুনলে তার চোখ ভিজে যায়।

বছরখানেক আগেই পাঞ্জাবি গায়ক রোহনপ্রীত সিংকে বিয়ে করেন নেহা। এর আগে আদিত্য নারায়ণ ও হিমাংশ কোহলির সঙ্গে নেহার নাম জড়িয়েছিল। রোহনপ্রীত সিং পাঞ্জাবের বাসিন্দা। সারেগামাপা লিটল চ্যাম্পসের মাধ্যমে লাইমলাইটে প্রবেশ করেন।

## হারে মোস্তাফিজের দায় দেখছেন না চেন্নাই অধিনায়ক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** :মাত্র কয়েক দিন আগেই আইপিএলে লক্ষ্ণৌর মাঠ থেকে হেরে আসতে হয়েছে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংসকে। ফিরতি ম্যাচে সুযোগ ছিল লক্ষ্ণৌকে হারিয়ে প্রতিশোধ নেওয়ার, তবে চেন্নাইয়ের ঘরের মাঠে বড় সংগ্রহ করেও হারতে হয়েছে ধোনি-ঋতুরাজদের। দুইশর ওপরে সংগ্রহের পরেও বোলারদের বিশেষ করে বাংলাদেশি মোস্তাফিজুর রহমানের বাজে বোলিং ডুবিয়েছে চেন্নাইকে। তাই অনেকের চোখে এই হারের দায় মোস্তাফিজেরই বেশি, তবে ওই দলের সঙ্গে একমত নন চেন্নাই অধিনায়ক ঋতুরাজ গায়কোয়াড়।

২৩ এপ্রিল চেন্নাইয়ের এম চিদাম্বরম স্টেডিয়ামে হোম টিমের দেওয়া ২১১ রানের লক্ষ্যে পৌঁছাতে শেষ ওভারে লক্ষ্ণৌর দরকার ছিল ১৭ রান। চেন্নাইয়ের হয়ে এই রান ডিফেন্ড করার দায়িত্ব দেওয়া হয় এই মৌসুমে চেন্নাইয়ের হয়ে সবচেয়ে বেশি উইকেট শিকার কোরা টাইগার পেসার মোস্তাফিজুর রহমানকে। তবে চেন্নাইয়ের দেওয়া এই দায়িত্ব পালনে পুরোপুরি ব্যর্থ হন ফিজ। শেষ ওভারে তার করা প্রথম তিন বলেই ওই রান তুলে ফেলেন লক্ষ্ণৌর ম্যাচ জয়ের নায়ক মার্কাস স্টয়নিস। এমন হারে স্বাভাবিকভাবেই দোষ পরার কথা বোলারের কাঁধে। তবে চেন্নাই দলপতি ঋতুরাজ সেই কাজ করতে চান না।

ম্যাচের শুরুতেই ঋতুরাজের শতকে ২১০ রানের ইনিংস গড়ে চেন্নাই। বড় এই টার্গেটে শুরু থেকেই লক্ষ্ণৌকে চেপে ধরে চেন্নাইয়ের বোলাররা। তবে শেষ কয়েক ওভারের চেন্নাইয়ের বোলারদের ছন্নছাড়া বোলিং ম্যাচের নিয়ন্ত্রণ দিয়ে দেয় লক্ষ্ণৌর হাতে। বিশেষ করে চিপকে ভালো খেলা মোস্তাফিজ গতকাল হতাশ করেছেন সবাইকে। ফিজের করা শেষ ওভারের প্রথম বলেই ছয় মারেন অজি ব্যাটার মার্কাস স্টয়নিস। দ্বিতীয় ও তৃতীয় বলে দুটি চার মারেন। তিন নম্বর বলটি নো করেন মুস্তাফিজ। ফ্রি হিটকে আবার চার বানিয়ে ৩ বল আগেই লক্ষ্ণৌকে ম্যাচ জেতান স্টয়নিস। ৩ ওভার ৩ বলে ৫১ রান দেন বাংলাদেশের এই পেসার।

তবে ঋতুরাজ ম্যাচ হারায় মোস্তাফিজের দোষ দেখছেন না। তিনি মনে করেন, এই উইকেটে এই রান ডিফেন্ড করার জন্য যথেষ্ট ছিল না। ম্যাচ হারের পর তিনি বলেন, 'জাদেজা ৪ নম্বরে ব্যাট করছে। পাওয়ারপ্লের মধ্যেই আমরা দ্বিতীয় উইকেট হারিয়েছিলাম যে কারণে সে (জাদেজা) তখন ব্যাটিংয়ে আসে। এটা আমাদের পরিকল্পনার অংশ। যখনই (দুই) উইকেট পড়বে তখনই জাদেজা আসবে। আমি মনে করি এটা (দলীয় রান) যথেষ্ট নয়। তবে তারা যেভাবে ব্যাটিং করেছে তাতে তাদের কৃতিত্ব দিতেই হবে।'

চেন্নাইয়ের বোলারদের ছন্নছাড়া বোলিংয়ের পিছনে শিশিরের দায় দেখছেন দলপতি। তিনি বলেন গতকাল রাতে চিপাকে যথেষ্ট শিশির ছিল। যার প্রভাব পড়েছে খেলায়। ফিল্ডিংয়ে সমস্যা হয়েছে, একই সঙ্গে স্পিনারদেরও বল গ্রিপ করতে বেগ পেতে হয়েছে।

তিনি বলেন, 'এই হার হজম করা কঠিন কিন্তু শেষ পর্যন্ত ভালো খেলেছে লক্ষ্ণৌ। ১৩ তম ওভার পর্যন্তও ম্যাচ আমাদের হাতে ছিল। স্টয়নিসকে টুপি খোলা অভিনন্দন। এই ম্যাচে শিশির বড় প্রভাব রেখেছে। শিশিরের কারণে স্পিনাররা সুবিধা করতে পারেনি। তা না হলে আমরা আরেকটু ভালো করতাম। কিন্তু এটা খেলারই অংশ, যা আপনার হাতে নেই তা আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন না।'

# ১৪ হাজার মাইল পাড়ি দিচ্ছে টি-২০ বিশ্বকাপের পিচ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চলতি বছরের জুনে ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে বসতে যাচ্ছে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের আসর। যাকে কেন্দ্র করে ইতোমধ্যেই প্রতিটি দল শুরু করেছে প্রস্তুতি, গোছাচ্ছে স্কোয়াড। শুধু তাই নয়, এবারের আসরের ভেন্যুগুলো পরিপূর্ণভাবে প্রস্তুত করতে ব্যস্ত সময় পার করছে আইসিসি। তবে সম্প্রতি প্রকাশিত এক ছবিতে দেখা গেছে, নিউইয়র্কের নাসাউ কাউনিট স্টেডিয়ামের নির্মাণকাজ এখনো চলমান রয়েছে। আর এই স্টেডিয়ামের জন্য ১০টি পিচ নেওয়া হয়েছে অস্ট্রেলিয়ার অ্যাডিলেড থেকে। ফলে সে পিচগুলো বিশ্বকাপের অংশ হতে পাড়ি দিচ্ছে প্রায় ১৪ হাজার মাইল (প্রায় ২২ হাজার ৫৩০ কিলোমিটার)। অ্যাডিলেড থেকে জাহাজে করে ফ্লোরিডা, এরপর সেখান থেকে সড়কপথে সেগুলোর গন্তব্য নিউইয়র্ক।

এবার যুক্তরাষ্ট্রে প্রথমবারের মত অনুষ্ঠিত হতে যাচ্ছে আইসিসির বড় কোনো টুর্নামেন্ট। নিউইয়র্কের এ স্টেডিয়াম ছাড়াও টেক্সাস ও ফ্লোরিডার দুটি ভেন্যুতে হবে বিশ্বকাপের যুক্তরাষ্ট্র-অংশের ম্যাচগুলো। সব মিলিয়ে ১৬টি ম্যাচ হবে সেখানে, ৩৯টি হবে ওয়েস্ট ইন্ডিজে। নিউইয়র্কের মাঠটিতে হবে ৮টি ম্যাচ।

এর মধ্যে নিউইয়র্কের নাসাউ স্টেডিয়ামকে বলা হচ্ছে ক্রিকেটের প্রথম ওঅস্থায়ী স্টেডিয়াম। এ প্রযুক্তিতে স্টেডিয়ামটির বেশির ভাগ অংশই বানানো হচ্ছে অস্থায়ীভাবে, যেগুলো এক জায়গা থেকে আরেক জায়গায় নিয়ে যাওয়া যায়। গ্যালারির একটা অংশ যেমন ফর্মুলা ওয়ানে গত বছরের লাস ভেগাস গ্রাঁ প্রিঁ ব্যবহার করা হয়েছিল।

ড্রপ-ইন পিচগুলো তৈরির দায়িত্বে থাকা অ্যাডিলেড ওভালের কিউরেটর ড্যামিয়েন হোউ সম্প্রতি বিবিসিকে বলেন, 'আমাদের লক্ষ্য হচ্ছে গতি ও সমান বাউন্স থাকবে, এমন পিচ তৈরি করা। যেখানে খেলোয়াড়রা শট খেলতে পারবেন। আমরা বিনোদনদায়ী ক্রিকেট চাই, কিন্তু চ্যালেঞ্জ আছে।'

গত অক্টোবরে হোউ ১০টি ড্রপ-ইন পিচ তৈরির কাজ শুরু করেন। প্রাথমিকভাবে এগুলো ট্রেতে বসানো হয়। প্রতিটি পিচকে ভাগ করা হয়েছে দুটি ট্রেতে। সব মিলিয়ে ম্যাচ খেলার মতো ৪টি ও অনুশীলনের জন্য আরও ৬টি পিচ প্রস্তুত করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রে বেসবলের ভেন্যুগুলোতে যেমন দেখা যায়, তেমন মাটি ব্যবহার করা হয়েছে পিচগুলো তৈরিতে। সঙ্গে একটা নির্দিষ্ট ধরনের ঘাসও আছে, যেটি উষ্ণ আবহাওয়া এবং রোলিং ও ভারী ব্যবহারের উপযোগী।

পিচগুলো যে ট্রেতে স্থাপিত, সেগুলো কনটেইনারে ভরে জাহাজে করে অ্যাডিলেড থেকে ফ্লোরিডা নিয়ে যাওয়া হয়েছে গত জানুয়ারিতে। এর পর থেকে অপেক্ষাকৃত উষ্ণ আবহাওয়ায় রেখে দেওয়া হয়েছে, কারণ, নিউইয়র্কে তখন আবহাওয়া ছিল বেশ শীতল। ফ্লোরিডা থেকে সড়কপথে চূড়ান্ত গন্তব্যে পৌঁছাবে পিচগুলো। রাস্তায় যাতে বেশিক্ষণ না থাকতে হয়, সে কারণে বহনকারী প্রতিটি ট্রাকে থাকবেন দুজন করে চালক। গন্তব্যে পৌঁছানোর পর নির্দিষ্ট স্থানে পিচগুলো বসাতে হোউ ও তাঁর দলের লাগবে প্রায় ১২ ঘণ্টা।

পুরো প্রক্রিয়াটি নিয়ে হোউয়ের অনুভূতি এ রকম, 'আমার আসলে মিশ্র অনুভূতি। সত্যিই রোমাঞ্চিত, কিন্তু একই সঙ্গে একটু চিন্তাও হচ্ছে। কিছু ব্যাপার এখনো অজানা। বেশ লম্বা একটা প্রক্রিয়া। আমরা যা জানি, নিজেদের সেরাটি দিয়েছি। সম্ভাব্য সব রকমের ফলই আমরা বিস্তারিত ভেবে রেখেছি, সামনে কী কী হতে পারে। আশা করছি, এগুলো বেশ ভালো ক্রিকেট পিচই হবে।'

আগামী ১ জুন ডালাসের গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়ামে যুক্তরাষ্ট্র ও কানাডার ম্যাচ দিয়ে শুরু হবে বিশ্বকাপ। নিউইয়র্কে প্রথম ম্যাচটি ৩ জুন, শ্রীলঙ্কা ও দক্ষিণ আফ্রিকার। ১০ জুন এ মাঠে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে বাংলাদেশ।

## ব্রাইটনকে হারিয়ে সেরা দুইয়ে ম্যানসিটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্রাইটনকে বড় ব্যবধানে হারিয়ে লিভারপুলকে পেছনে ফেলে পয়েন্ট টেবিলের দুইয়ে উঠল ম্যানচেস্টার সিটি। তাতে লিগ শিরোপার দৌড়ে আরও একধাপ এগিয়ে গেল পেপ গার্দিওয়ালার শিষ্যরা।

প্রিমিয়ার লিগে ২৫ এপ্রিল রাতের ম্যাচে ব্রাইটনকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে ম্যানসিটি। দলের হয়ে জোড়া গোল করেছেন ফিল ফোডেন। একটি করে গোল করেছেন কেভিন ডি ব্রুইনা ও হুলিয়ান আলভারেজ।

প্রতিপক্ষের মাঠে এদিন পুরোপুরি আধিপত্য ছিল সিটির। ৬৫ শতাংশ সময় বল দখলে রেখে ১৪টি শট নেয় তারা। যার ৬টিই ছিল গোলমুখে। বিপরীতে ৭ শটের ৩টি লক্ষ্য বরাবর রাখতে পেরেছিল ব্রাইটন। তবে জালে দেখা পায়নি স্বাগতিকরা।

ম্যাচের ১৭তম মিনিটেই সিটিকে কাঙ্ক্ষিত সাফল্য এনে দেন কেভিন ডি ব্রুইনা। কাইল ওয়াকারের ক্রসে বক্সে ডাইভিং হেডে বল জালে পাঠান এ বেলজিয়ান মিডফিল্ডার। আট মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন ফোডেন। ইংলিশ মিডফিল্ডারের ফ্রি-কিকে বল ব্রাইটনের এক ডিফেন্ডারের গায়ে লেগে দিক পাল্টে জালে জড়ায়। ৩৪তম মিনিটে নিজের দ্বিতীয় গোল করেন ফোডেন। বক্সে বল পেয়ে বাঁ পায়ের শটে লক্ষ্যভেদ করেন তিনি।

দ্বিতীয়ার্ধেও আক্রমণে আধিপত্য দেখায় সিটি। তবে গোলের জন্য খুব একটা সুযোগ তৈরি করতে পারেনি তারা। এ অর্ধে একমাত্র গোলটি করেন আলভারেজ। ওয়াকারের প্রচেষ্টা গোলরক্ষক এগিয়ে এসে রুখে দেয়ার পর ফিরতি বল ফাঁকা জালে পাঠান এ আর্জেন্টাইন ফরোয়ার্ড। তাতে ৪-০ গোলে এগিয়ে যায় সিটি। শেষ পর্যন্ত এ ব্যবধান ধরে রেখে জয় তুলে নেয় গার্দিওয়ালার শিষ্যরা।

এ জয়ে গুরুত্বপূর্ণ ৩ পয়েন্ট তুলে তারা পেছনে ফেলল লিভারপুলকে। ৩৩ ম্যাচে ২৩ জয় ও ৭ ড্রয়ে সিটির পয়েন্ট এখন ৭৬। ৩৪ ম্যাচে ৭৭ পয়েন্ট নিয়ে শীর্ষে আর্সেনাল। তাদের সমান ম্যাচে ৭৪ পয়েন্ট নিয়ে তিনে নেমে গেছে লিভারপুল।

## আফগান পেসারকে দলে নিলো দিল্লি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হ্যামস্ট্রিংয়ের চোটে আইপিএলে মাঝপথে অস্ট্রেলিয়ার পেস অলরাউন্ডার মিচেল মার্শকে হারিয়েছে দিল্লি ক্যাপিটালস। তার পরিবর্তে সৌরভ গাঙ্গুলি ও রিকি পন্টিংয়ের দলটি আফগানিস্তানের পেসার গুলবাদিন নাইবকে নিয়েছে। প্রথমবারের মতো আইপিএলে ডাক পেয়েছেন তিনি। যার জন্য দিল্লি খরচ করেছে ৫০ লাখ রুপি।

চোটে পড়ার আগে মার্শ দিল্লির হয়ে এবারের আইপিএলে চারটি ম্যাচ খেলেছেন। চোটের কারণে এবার আর মাঠে নামতে পারবেন না নিশ্চিত হওয়ার আগেই গত ১২ এপ্রিল অস্ট্রেলিয়ার পার্থে ফিরে গেছেন তিনি। তবে তার ছিটকে যাওয়ার খবর ২২ তারিখে জানায় দিল্লি। ৩২ বছর বয়সী গুলবাদিন টি-টোয়েন্টি ফরম্যাটে ৬৫টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন। যেখানে তার শিকার মাত্র ২৬ উইকেট। তবে ওয়ানডেতে কিছুটা ভালো পরিসংখ্যান রয়েছে আফগান পেসারের। ৮২ ম্যাচে তার উইকেট ৭৩টি। পাশাপাশি ব্যাট হাতেও দলের প্রয়োজনে ভূমিকা রাখতে পারেন। ওয়ানডেতে ১২৩১ রানের পাশাপাশি টি-টোয়েন্টিতে গুলবাদিন করেছেন ৮০৭ রান।

## শাভির সিদ্ধান্ত বদলকে সম্মান জানাতে হবে: আনচেলত্তি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অনড় অবস্থান থেকে সরে এসেছেন শাভি এর্নান্দেস। চুক্তির মেয়াদ পুরণ করতে বার্সেলোনার ডাগআউটে থেকে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। শাভির এই সিদ্ধান্ত বদল 'সঠিক' বলে মনে করেন রিয়াল মাদ্রিদ কোচ কার্লো আনচেলত্তি।

চলতি মৌসুম শেষে বার্সেলোনার দায়িত্ব ছাড়ার ঘোষণা অনেক আগেই দিয়েছিলেন শাভি। সিদ্ধান্ত বদল হবে না কোনোভাবেই, এমন কথাও পরে জোরশোরে বলেছিলেন একাধিকবার। তবে গত বুধবার বদলে যায় পরিস্থিতি। ক্লাব কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে আগের অবস্থান থেকে সরে আসেন শাভি। ক্লাবের পক্ষ থেকে জানানো হয়, চুক্তির মেয়াদ অনুযায়ী ২০২৪-২৫ মৌসুমেও দায়িত্ব চালিয়ে যাবেন তিনি।


কাম্প নউয়ের আঙিনাতেই বেড়ে ওঠা শাভি দলটির হয়ে মুঠোভরে সাফল্য পেয়েছেন। ২০২১ সালে বার্সেলোনার দায়িত্ব নেওয়ার পর কোচ হিসেবেও জিতেছেন লা লিগা ও স্প্যানিশ সুপার কাপ। এবার অবশ্য লা লিগার মুকুট ধরে রাখার সম্ভাবনা বার্সেলোনার নেই বললেই চলে। তবে দলের পারফরম্যান্স যেমনই হোক না কেন, আনচেলত্তি মনে করেন, চেনা আঙিনাতে থেকে যাওয়ার সঠিক সিদ্ধান্ত নিয়েছেন শাভি।

আনচেলত্তি বলেন, "আমি মনে করি, বার্সেলোনায় শাভি ভালো কাজ করছে। এই ক্লাবকে সে খুব ভালোভাবে জানে এবং আমার মতে, তার থেকে যাওয়ার সিদ্ধান্ত সঠিক।"

বারবার চলে যাওয়ার কথা বলে সিদ্ধান্ত বদলে চুক্তি পূরণ করতে চাওয়াটা কথার বরখেলাপ কিনা, এমন প্রশ্নে আনচেলত্তির জবাব দিলেন কিছুটা যেন শ্লেষের সুরে। এ প্রসঙ্গে নিজের কথাও টানলেন রিয়াল কোচ।

আনচেলত্তি জানান, "আচ্ছা, আচ্ছা, আর্চ্ছাকী প্রশ্ন। সবকিছুই গুরুত্বপূর্ণ। মানুষের সিদ্ধান্ত বদলকেও আমাদের শ্রদ্ধা করতে হবে। এটা লিখিত কোনো বিষয় নয়। ক্যারিয়ারে আমি কতবার সিদ্ধান্ত বদল করেছি? এমনটা করা যায়।"

## পিএসজির সামনে লিগ শিরোপার হাতছানি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : লিগ শিরোপার কাছেই চলে গেল পিএসজি। বুধবার (২৪ এপ্রিল) তারা হারিয়েছে লঁরিয়েকে। বাকি থাকা ৮ ম্যাচের মধ্যে ৫টিতে জিতলেই মাথায় মুকুট পরবে দলটি।

লঁরিয়েকে হারানোর পর ৩০ ম্যাচে পিএসজির পয়েন্ট ৬৯। সমানসংখ্যক ম্যাচে ৫৮ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে মোনাকো। অর্থাৎ পিএসজি বাকি ৮ ম্যাচের মধ্যে ৫টিতে জিতলে তাদের পয়েন্ট হবে ৮৪। তখন মোনাকো ৮ ম্যাচের সব কটিতে জিতলেও পিএসজিকে ধরতে পারবে না।

লঁরিয়েকে ৪-১ গোলে হারিয়েছে পিএসজি। দলের জয়ের দিনে জোড়া গোল করেছেন উসমান ডেম্বেলে ও কিলিয়ান এমবাপ্পে। লঁরিয়ের একমাত্র গোলটি মোহামেদ বাম্বার।

লঁরিয়ের মাঠে প্রথমার্ধে দুই গোল পায় পিএসজি। ১৯ মিনিটে ডেম্বেলের পর ২২ মিনিটে গোল করেন এমবাপ্পে। ডেম্বেলে জোড়া গোল পূর্ণ করেন দ্বিতীয়ার্ধের ৬০ মিনিটে। ৭৩ মিনিটে ব্যবধান কমায় লঁরিয়ে।

ম্যাচ শেষ হতে যাচ্ছিল পিএসজির ২-১ গোলের জয়ে। কিন্তু এমবাপ্পে ঠিক ৯০ মিনিটে গিয়ে গোল করলে ব্যবধান আরও বাড়ে।

# শিরোপা দৌড়ে বড় ধাক্কা লিভারপুলের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : লিভারপুলের ডারউইন নুনেজ ও এভারটনের জেমস টারকোস্কির মধ্যে বল দখলের লড়াই



ইংলিশ প্রিমিয়ার লিগ জয়ের স্বপ্নে বড় ধাক্কা খেল লিভারপুল। বুধবার মার্সিসাইড ডার্বিতে এভারটনের কাছে ২-০ গোলে লজ্জাজনকভাবে হেরেছে জার্গেন ক্লপের শিষ্যরা। এর ফলে লিগ শিরোপার ভাগ্য এখন অনেকটাই আর্সেনাল এবং ম্যানচেস্টার সিটির পারফর্মেন্স ওপর নির্ভর করবে। কেননা শীর্ষে থাকা গানারদের সঙ্গে এখন তিন পয়েন্টে পিছিয়ে পড়েছে অলরেডরা।

অ্যান্যদিকে দুই ম্যাচ কম খেলা সিটিজেনদের চেয়ে কেবল ১ পয়েন্ট এগিয়ে রয়েছে লিভারপুল। ইপিএলে লিভারপুলের হারের দিনে দুইবার পিছিয়ে পড়েও তলানির দল শেফিল্ড ইউনাইটেডকে ৪-২ গোলে পরাজিত করেছে ম্যানচেস্টার ইউনাইটেড।

এছাড়াও পূর্ণ তিন পয়েন্ট নিয়ে মাঠ ছেড়েছে ক্রিস্টাল প্যালেস এবং বোর্নমাউথ।

গত ১৪ বছরে কখনোই গুডিসন পার্কে পরাজয়ের স্বাদ পাননি জার্গেন ক্লপ। যে কারণে এবারও সেই অতীত পারফর্মেন্সের ধারাবাহিকতা ধরে রাখার লক্ষ্য নিয়েই মাঠে নেমেছিল লিভারপুল। কিন্তু প্রায় দেড় দশকের মধ্যে এবারই প্রথমবারের মতো গুডিসন পার্কে পরাজয়ের তিক্ত স্বাদ পেল তারা।

নিজেদের মাঠে এদিন ম্যাচ শুরুর ২৭ মিনিটেই জারার্ড ব্র্যান্টওয়েটের গোলে প্রথম এগিয়ে যায় এভারটন। একটি ফ্রি-কিক ক্লিয়ার করতে ব্যর্থ হলেও এই ডিফেন্ডার গোলরক্ষক এলিসন বেকারকে পরাস্ত করেন। তবে ম্যাচে ফেরার সুযোগ পেয়েছিল সফরকারী শিবির। কিন্তু অলরেডদের মিসরীয় ফরোয়ার্ড মোহাম্মদ সালাহ সেই সুযোগ পেয়েও সমতায় ফেরাতে ব্যর্থ হন।

উল্টো দ্বিতীয়ার্ধের ৫৮ মিনিটে এভারটন স্ট্রাইকার ডোমিনিক কালভার্ট লুইনের গোলে ব্যবধান দ্বিগুণ করে ফেলে স্বাগতিক শিবির। এরপর আর কোনো গোল না হলে ২-০ ব্যবধানের সহজ জয় নিয়েই মাঠ ছাড়ে এভারটন। অন্যদিকে শিরোপা পুনরুদ্ধারের স্বপ্নে বড় ধরনের ধাক্কা খায় লিভারপুল।

চলতি মৌসুম শেষেই লিভারপুল ছাড়ার ঘোষণা দেন ক্লাবটির অভিজ্ঞ কোচ জার্গেন ক্লপ। গত নয় বছরে লিভারপুলকে একটি গুরুত্বপূর্ণ স্থানে নিয়ে গেছেন এই জার্মান কোচ। ক্লপের বিদায়ের ঘোষণার পর ফেব্রুয়ারিতে চেলসিকে হারিয়ে লিগ কাপ জয় করেছিল অলরেডরা। ওই সময় থেকে তারা যেভাবে এগিয়ে যাচিছল তাতে কোয়াড্রাপল জয়ের স্বপ্নও বুনছিল ভক্ত-অুনরাগীরা।

কিন্তু ইতোমধ্যেই ম্যানচেস্টার ইউনাইটেডের কাছে এফএ কাপের কোয়ার্টার ফাইনালে হারের পর আটালান্টার কাছে হেরে ইউরোপা লিগ থেকেও বিদায় ঘণ্টা বেজে গেছে তাদের। যে কারণে এখন কেবলমাত্র লিগ শিরোপাই ভরসা তাদের। কিন্তু এভারটনের কাছে এই হারের পর লিগ শিরোপাও জিততে পারবে কিনা তা নিয়েই দেখা দিয়েছে শঙ্কা। তা জানেন ক্লাবটির বিদায়ী কোচ ক্লপও।

এ প্রসঙ্গে তিনি বলেন, 'আমাদের জিততে হলে আর্সেনাল ও ম্যানচেস্টার সিটিকে অবশ্যই কিছু বাজে সময় কাটাতে হবে। তবে আজকের ম্যাচের জন্য আমি সবার কাছেই ক্ষমা চাচ্ছি। আমাদের আরও ভালো করা উচিত ছিল যা আমরা করতে পারিনি।'

এদিকে ওল্ড ট্র্যাফোর্ডে পয়েন্ট টেবিলের সবচেয়ে নিচে থাকা দল শেফিল্ড ইউনাইটেডের কাছে বড় অঘটন থেকে রক্ষা পেয়েছে ম্যানচেস্টার ইউনাইটেড। দুইবার পিছিয়ে পড়েও ব্রুনো ফার্নান্দেসের দুই গোলে জয় নিয়ে মাঠ ছেড়েছে এরিক টেন হ্যাগের দল। ৩৫ মিনিটে জেয়ডেন বোগলের গোলে ব্লেডসরা এগিয়ে গিয়েছিল।

বিরতির আগে হ্যারি ম্যাগুয়েরে ইউনাইটেডকে সমতায় ফেরান। বিরতির পরপরই বেন বেরেটন দিয়াজ আবারও সফরকারীদের এগিয়ে দেন। ৬১ মিনিটে স্পট কিক থেকে ইউনাইটেডকে সমতায় ফেরান ফার্নান্দেস। এরপর ম্যাচ শেষের ৯ মিনিট আগে পর্তুগিজ এই তারকা মিডফিল্ডারের দূরপাল্লার জোরালো শটে ইউনাইটেড প্রথমবারের মতো ম্যাচে এগিয়ে যায়।

রাসমাস হোলান্ড ৮৫ মিনিটে আরও এক গোল করলে স্বস্তি ফিরে ইউনাইটেড শিবিরে। কেননা, গত ৯ মার্চ এভারটনকে হারানোর পর সর্বশেষ পাঁচ ম্যাচে এটাই যে লিগে ইউনাইটেডের প্রথম জয়। জয়ের পর ম্যানইউর কোচ টেন হ্যাগ বলেন, 'আমি মনে করি আমরা মোটামুটি ভালো খেলেছি, বেশ কিছু সুযোগ তৈরি করেছি। এই ম্যাচ থেকে অনেক ইতিবাচক দিক নিয়ে আমি বাড়ি ফিরতে চাই। একইসঙ্গে নেতিবাচক দিকও রয়েছে। দুই গোল হজম করে পিছিয়ে পড়া মোটেই ভালো লক্ষণ নয়।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR